




ইন্টারন্যাশনাল ওয়াটার স্টুয়ার্ডশিপ স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০

মার্চ ২০২৬



নীতিগত বিবৃতি

এই নথিতে অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ (AWS) এর ইন্টারন্যাশনাল ওয়াটার স্টুয়ার্ডশিপ স্ট্যান্ডার্ড (AWS স্ট্যান্ডার্ড) রয়েছে, মূখবন্ধ, ভূমিকা, মানদণ্ড ও প্রয়োজনীয়তা এবং শব্দকোষ এর অংশ হিসেবে অন্তর্ভুক্ত আছে। মূখবন্ধ শুধুমাত্র তথ্যমূলক তবে এটি মান নির্ণায়ক নথিটি বোঝার জন্য গুরুত্বপূর্ণ।

আইনি বিজ্ঞপ্তি

যদি এই নথিতে উল্লেখিত AWS স্ট্যান্ডার্ড এর কোনো মানদণ্ড এবং/অথবা প্রয়োজনীয়তা স্থানীয় বা জাতীয় আইনের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ বা সাংঘর্ষিক হয়, তবে সেই ক্ষেত্রে স্থানীয় বা জাতীয় আইন প্রাধান্য পাবে।

প্রকাশনা স্বত্ব বিজ্ঞপ্তি

© ২০২৬ অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ। সর্বস্বত্ব সংরক্ষিত।

প্রকাশকের স্বত্বাধিকার দ্বারা সুরক্ষিত এই প্রকাশনার কোনো অংশ, আইনত অনুমোদিত ক্ষেত্র ব্যতীত, প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া গ্রাফিক, ইলেকট্রনিক বা যান্ত্রিক (ফটোকপি, রেকর্ডিং, টেপিং বা তথ্য সংরক্ষণ ও পুনরুদ্ধার পদ্ধতি সহ) যেকোনো রূপে বা যেকোনো মাধ্যমে পুনরুৎপাদন বা অনুলিপি করা যাবে না।

AWS কোনো অবস্থাতেই এই নথির সম্পূর্ণ বা আংশিক বিষয়বস্তু কোনো রূপে পরিবর্তন করার অনুমতি দেয় না।

ঘৃণিত অনুলিপিগুলো নিয়ন্ত্রিত নয় এবং শুধুমাত্র তথ্যসূত্র হিসেবে ব্যবহারের জন্য। আপনি সর্বশেষ সংস্করণটি পড়ছেন কিনা তা নিশ্চিত করতে অনুগ্রহ করে AWS এর অফিসিয়াল ওয়েবসাইট (a4ws.org)-এ থাকা ইলেকট্রনিক কপিটি দেখুন।

অনুমতির জন্য যোগাযোগ করুন: info@a4ws.org

ব্যাখ্যা, বিরোধ ও অভিযোগ সংক্রান্ত নোটিশ

AWS স্ট্যান্ডার্ড-এর সঠিক ব্যাখ্যা নিয়ে কোনো প্রশ্ন বা মতভেদ দেখা দিলে, তা প্রকল্পের মালিক হিসেবে AWS এর নির্ধারিত নীতি ও পদ্ধতি অনুসরণ করে নিষ্পত্তি করা হয়। AWS স্ট্যান্ডার্ড-এর সঠিক প্রয়োগ বা ব্যাখ্যা নিয়ে অংশীজনদের (স্টেকহোল্ডার) মধ্যে কোনো বিরোধ বা অভিযোগ দেখা দিলে তাদেরকে AWS ওয়েবসাইটে প্রদত্ত ফিডব্যাক ও অভিযোগ নিষ্পত্তির নির্ধারিত চ্যানেল ব্যবহার করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

এই সংস্করণের বিজ্ঞপ্তি

অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ (AWS) এই নথির মালিক হিসেবে দায়িত্বশীল এবং সময়ে সময়ে এটি পর্যালোচনা ও হালনাগাদ করবে। AWS যেকোনো সময় এই নথি সম্পর্কে মতামত ও পরামর্শকে স্বাগত জানায়। আমাদের সাথে যোগাযোগের জন্য নিচে দেওয়া তথ্য ব্যবহার করুন: ইমেইল: info@a4ws.org

কার্যকর তারিখ: ২২ মার্চ ২০২৬

AWS স্ট্যান্ডার্ড এর বর্তমান সংস্করণটি ২০২৬ সালের ২২ মার্চ প্রথম প্রকাশের তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে। এই সংস্করণটি পূর্ববর্তী সকল সংস্করণকে প্রতিস্থাপন করে এবং এতে নতুন ও সংশোধিত প্রয়োজনীয়তা যুক্ত হয়েছে। এক বছরের রূপান্তরকাল (ট্রানজিশন পিরিয়ড) শেষে, ২০২৭ সালের ২২ মার্চ বা তার পরে অনুষ্ঠিত সকল প্রাথমিক ও পুনঃসনদায়ন নিরীক্ষা এই সংস্করণের ভিত্তিতে পরিচালিত হবে।

সংস্করণ ইতিহাস

সংস্করণ নং	সংশোধনের বিবরণ ও তারিখ
সংস্করণ ১.০ ২০১৪-০৪-০৮	প্রথম সংস্করণ। অনুমোদনের তারিখ: ২০১৪-০৪-০৮
সংস্করণ ২.০ ২০১৯-০৩-২২	দ্বিতীয় সংস্করণ। অনুমোদনের তারিখ: ২০১৯-০৩-২২
সংস্করণ ৩.০ ২০২৬-০৩-২২	তৃতীয় সংস্করণ। অনুমোদনের তারিখ: ২০২৬-০৩-২২

ভাষা এবং ভিন্নতা সংক্রান্ত বিজ্ঞপ্তি

AWS সিস্টেমের অধীনে এই মানদণ্ড এবং অন্যান্য নথির অনুবাদ সরবরাহ করা হতে পারে। ইংরেজি সংস্করণ এবং অন্যান্য ভাষার সংস্করণের মধ্যে কোনো পার্থক্য থাকলে ইংরেজি ভাষার সংস্করণই প্রাধান্য পাবে।

যোগাযোগের ঠিকানা

Alliance for Water Stewardship
2 Quality Street
North Berwick, EH39 4HW
Scotland
www.a4ws.org
info@a4ws.org

মূখবন্ধ

৪

পরিচিতি

৬

ধাপ ১: সংগ্রহ ও অনুধাবন

১০

ধাপ ২: অঙ্গীকার ও পরিকল্পনা

১৪

ধাপ ৩: বাস্তবায়ন

১৭

ধাপ ৪: মূল্যায়ন

২০

ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ

২২

শব্দকোষ

২৪

মুখবন্ধ

পৃথিবীর সকল জীবনের জন্য পানি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি মানুষের স্বাস্থ্য সুরক্ষায় মৌলিক ভূমিকা রাখে, বাস্তুতন্ত্রকে টিকিয়ে রাখে এবং আমরা প্রতিদিন যে খাদ্য গ্রহণ করি ও যে পণ্য ব্যবহার করি সেগুলোর উৎপাদনের জন্য অপরিহার্য।

স্টুয়ার্ডশিপ বলতে এমন কোনো বিষয়ের দায়িত্ব নেওয়াকে বোঝায় যার মালিকানা আমাদের নয়। ওয়াটার স্টুয়ার্ডশিপ এর ক্ষেত্রে এর অর্থ হলো একটি সীমিত প্রাকৃতিক সম্পদের যত্ন নেওয়া, যার ওপর আমরা সবাই নির্ভরশীল। এটি স্বীকৃতি দেয় যে পানি একটি যৌথ সম্পদ এবং প্রত্যেক পানি ব্যবহারকারী একটি বৃহত্তর ব্যবস্থার অংশ যেখানে পানি ব্যবহারের প্রতিটি সিদ্ধান্ত মানুষ, বন্যপ্রাণী ও বাস্তুতন্ত্রের ওপর প্রভাব ফেলতে পারে।

যেসব প্রতিষ্ঠান ওয়াটার স্টুয়ার্ডশিপ চর্চা করে, তারা কেবল নিজেদের কার্যক্রমের ভেতরে পানি ব্যবস্থাপনাতেই সীমাবদ্ধ থাকে না। তারা সামগ্রিক পানি প্রেক্ষাপট বিবেচনা করে সম্মিলিতভাবে কাজ করে, দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি গ্রহণ করে এবং জলবায়ুজনিত পানির প্রভাব মোকাবিলায় তাদের কমিউনিটি ও সরবরাহ শৃঙ্খলকে সহনশীল করে তুলতে সহায়তা করে। এটি একটি সক্রিয় পদক্ষেপ যা সামাজিক ও সাংস্কৃতিক ন্যায্যতা, পরিবেশগত স্থায়িত্ব এবং ব্যবসায়িক ধারাবাহিকতাকে সমর্থন করে।

অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ সম্পর্কিত তথ্য

অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ (AWS) ২০০৯ সালে জাতিসংঘ, আন্তর্জাতিক বেসরকারি সংস্থা (এনজিও) এবং গবেষণা প্রতিষ্ঠান সহ শীর্ষস্থানীয় পানি সংক্রান্ত সংস্থাগুলোর দ্বারা প্রতিষ্ঠিত হয় এর উদ্দেশ্য ছিল বৈশ্বিক পানি সমস্যা মোকাবিলায় ওয়াটার স্টুয়ার্ডশিপ এর জন্য একটি বিশ্বাসযোগ্য বৈশ্বিক মানদণ্ড প্রণয়ন করা। এরপর থেকে AWS এর এই ব্যবস্থা ধারাবাহিকভাবে বিকশিত হয়ে একটি শীর্ষস্থানীয় সদস্যভিত্তিক নেটওয়ার্কে পরিণত হয়েছে এবং বিশ্বাসযোগ্য ওয়াটার স্টুয়ার্ডশিপ এর ক্ষেত্রে স্বীকৃত 'গোল্ড স্ট্যান্ডার্ড' হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। আমাদের লক্ষ্য এমন একটি পানি নিরাপদ বিশ্ব গড়ে তোলা, যেখানে মানুষ, সংস্কৃতি, ব্যবসা এবং প্রকৃতি বর্তমান ও ভবিষ্যৎ উভয় সময়েই সমৃদ্ধ হতে পারে।

আন্তর্জাতিক ওয়াটার স্টুয়ার্ডশিপ স্ট্যান্ডার্ড (AWS স্ট্যান্ডার্ড) একটি কাঠামো যা পানি ব্যবহারকারীদের তাদের নিজস্ব পানি ব্যবহার এবং সেটি আশেপাশের পরিবেশ ও জনগোষ্ঠীর ওপর কি প্রভাব ফেলে তা বুঝতে সহায়তা করে। AWS স্ট্যান্ডার্ড বিশ্বের যেকোনো শিল্পে যে কোনো কোম্পানি তাদের সাইট পর্যায়ে ব্যবহার করতে পারে, যদি তারা স্বচ্ছ ও সন্মিলিতভাবে কাজ করে নিজেদের পানি কার্যক্রম উন্নত করতে এবং বৃহত্তর পানি সম্পর্কিত টেকসই লক্ষ্য অর্জনে অবদান রাখতে চায়।

মানদণ্ড উন্নয়ন

অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ ISEAL এর একটি কোড-অনুগত সদস্য। AWS Standard সংস্করণ ৩.০ তৈরি করার সময়, আমরা ISEAL-এর 'Good Practice' কোডের নীতি অনুসরণ করেছি, বিভিন্ন অংশীজন সঙ্গে পরামর্শ করে যাতে মানদণ্ড প্রাসঙ্গিক, স্বচ্ছ এবং ভারসাম্যপূর্ণ হয়।

AWS স্ট্যান্ডার্ডের ৩.০ সংস্করণ এর উন্নয়ন প্রক্রিয়ায় আনুষ্ঠানিক পরামর্শের পাশাপাশি আন্তর্জাতিক পানি সংশ্লিষ্ট সংগঠনসমূহের বিভিন্ন অভিজ্ঞতাও প্রতিফলিত হয়েছে। এর মূল উদ্দেশ্য হলো AWS স্ট্যান্ডার্ড এর মাধ্যমে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) অর্জনে অর্থপূর্ণ অবদান রাখা, বিশেষ করে SDG6: সকলের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন। একইভাবে, স্ট্যান্ডার্ড তৈরি প্রক্রিয়ার সময় লক্ষ্য ছিল যতটা সম্ভব AWS স্ট্যান্ডার্ড যেন আন্তর্জাতিক পানি কাঠামোর অন্যান্য গুরুত্বপূর্ণ অংশের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয় এবং সেগুলোকে সহায়তা করে। বাধ্যতামূলক প্রতিবেদন প্রদানের প্রয়োজনীয়তা (যেমন ইউরোপীয় ইউনিয়নের কর্পোরেট সাসটেইনেবিলিটি রিপোর্টিং ডিরেকটিভ), ভলান্টারি এনভায়রনমেন্টাল, সোস্যাল অ্যান্ড গভর্ন্যান্স (ESG) এবং তথ্য প্রকাশের কাঠামো (যেমন CDP), এবং সরকার-অনুমোদিত নির্দেশিকা (যেমন Valuing Water Principles and the OECD Water Governance Principles) এর মধ্যে রয়েছে, তবে শুধু এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়।

AWS টেকনিক্যাল কমিটি হলো AWS পরিচালনা প্রক্রিয়ায় অংশীজনদের প্রতিনিধি ইউনিট, যা AWS স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০ তৈরি করার জন্য দায়িত্বপ্রাপ্ত। টেকনিক্যাল কমিটির সদস্যরা AWS সদস্যদের দ্বারা নির্বাচিত হন এবং বিভিন্ন খাত ভিত্তিক গ্রুপের প্রতিনিধিত্ব করেন যেমন: নাগরিক সমাজের প্রতিষ্ঠান, বেসরকারি খাত এবং সরকারি খাত। টেকনিক্যাল কমিটি বহু-অংশীদার অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এবং প্রয়োজনে তাদের দায়িত্বের আওতাভুক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য গঠিত। এর মধ্যে রয়েছে নতুন বা সংশোধিত AWS স্ট্যান্ডার্ড, নির্দেশিকা এবং সার্টিফিকেশন প্রয়োজনীয়তা তৈরি করা।

AWS স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০ একটি স্বচ্ছ ও অন্তর্ভুক্তিমূলক দুই বছরব্যাপী পুনঃসংস্করণ প্রক্রিয়ার ফলাফল। চূড়ান্ত সংস্করণটি ধাপে ধাপে বিভিন্ন পরিমার্জনের মাধ্যমে তৈরি হয়েছে। এটি হাজার হাজার মন্তব্যের প্রতিফলন যা কঠোর পর্যালোচনা সময়কালে এবং পূর্ববর্তী খসড়া নিয়ে দুটি বৈশ্বিক গণপরামর্শের মাধ্যমে প্রাপ্ত হয়েছিল। AWS টেকনিক্যাল কমিটির অনুমোদনের পর, AWS স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০ এর চূড়ান্ত খসড়া AWS সদস্যদের কাছে ভোটের জন্য পাঠানো হয়। AWS স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০ আনুষ্ঠানিকভাবে AWS সদস্যদের দ্বারা ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুমোদিত হয়, যেখানে ৯৫%-এর বেশি ভোট দাতা সমর্থন প্রকাশ করেছেন।

পরিচিতি

অ্যালায়েন্স ফর ওয়াটার স্টুয়ার্ডশিপ (AWS) একদিকে একটি বৈশ্বিক বহুপক্ষীয় সদস্য ভিত্তিক জোট, যেখানে বেসরকারি খাত, নাগরিক সমাজ এবং সরকারি খাতের সংস্থাগুলো অন্তর্ভুক্ত এবং অন্যদিকে এটি ওয়াটার স্টুয়ার্ডশিপের জন্য একটি বিশ্বাসযোগ্য মানদণ্ড ব্যবস্থা। আমাদের লক্ষ্য হলো বিশ্বাসযোগ্য ওয়াটার স্টুয়ার্ডশিপে বৈশ্বিক ও স্থানীয় নেতৃত্বকে উদ্দীপ্ত ও লালন করা, যা স্বাদু পানির সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশগত এবং অর্থনৈতিক মূল্যকে স্বীকৃতি দেয় ও সুরক্ষিত করে।

আমাদের সদস্যরা পানির টেকসই ব্যবহারের জন্য একটি সর্বজনীন কাঠামো গ্রহণ ও প্রচারের মাধ্যমে স্থানীয় পানিসম্পদের সুস্থায়িত্বে অবদান রাখে, যা আন্তর্জাতিক ওয়াটার স্টুয়ার্ডশিপ স্ট্যান্ডার্ড বা AWS স্ট্যান্ডার্ড নামে পরিচিত। AWS স্ট্যান্ডার্ড একটি বৈশ্বিকভাবে প্রযোজ্য কাঠামো, যা প্রধান পানি ব্যবহারকারীদের তাদের পানি ব্যবহার ও এর প্রভাব বুঝতে সহায়তা করে এবং ক্যাচমেন্ট প্রেক্ষাপটে টেকসইভাবে পানি ব্যবস্থাপনার জন্য সহযোগিতামূলক ও স্বচ্ছভাবে কাজ করতে সক্ষম করে।

AWS স্ট্যান্ডার্ডের উদ্দেশ্য হলো ওয়াটার স্টুয়ার্ডশিপকে এগিয়ে নেওয়া, যা আমরা সংজ্ঞায়িত করি এমন পানি ব্যবহার হিসেবে যা সামাজিক ও সাংস্কৃতিকভাবে ন্যায্যসঙ্গত, পরিবেশগতভাবে টেকসই ও অর্থনৈতিকভাবে উপকারী এবং যা সাইট ও ক্যাচমেন্টভিত্তিক কার্যক্রম অন্তর্ভুক্ত করে এমন অংশীজন-অন্তর্ভুক্ত প্রক্রিয়ার মাধ্যমে অর্জিত হয়।



AWS স্ট্যান্ডার্ডের প্রযোজ্যতা

AWS স্ট্যান্ডার্ড সব ধরনের সংস্থা ও শিল্পখাতে প্রযোজ্য, তাদের আকার ও কার্যক্রমের জটিলতা নির্বিশেষে স্ট্যান্ডার্ডটির মূল লক্ষ্য হলো কার্যক্রম পরিচালনাকারী সাইট এবং তার স্থানীয় ক্যাচমেন্ট, তবে এর বিস্তৃত উদ্দেশ্য হলো ভ্যালু চেইনের মধ্যে পরোক্ষ পানি ব্যবহারের প্রভাব ফেলা।

স্ট্যান্ডার্ডটি একটি সাইটের স্বাভাবিক কার্যক্রমে ব্যবহৃত সব ধরনের পানির ক্ষেত্রে প্রযোজ্য। এর মধ্যে রয়েছে ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি, পুনর্ব্যবহৃত পানি, লবণমুক্তকৃত পানি (সমুদ্র বা লোনা উৎস থেকে আসে), বৃষ্টিপাত এবং তুষার বা বরফের মতো অস্বাভাবিক উৎস। এই পরিসরটি সব ধরনের পানি ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য, তা ব্যক্তিগত পানি উৎস থেকে হোক বা তৃতীয় পক্ষের সরবরাহকারীর কাছ থেকে হোক। একই বিষয় বর্জ্যপানি ব্যবস্থাপনা ও পরিশোধনের ক্ষেত্রেও প্রযোজ্য।

AWS স্ট্যান্ডার্ডের কাঠামো

AWS স্ট্যান্ডার্ড পাঁচটি ধাপকে কেন্দ্র করে গঠিত।

প্রতিটি ধাপে একাধিক মানদণ্ড অন্তর্ভুক্ত থাকে এবং প্রতিটি মানদণ্ডের জন্য সামঞ্জস্য বজায় রাখতে এক বা একাধিক শর্ত অনুসরণ করতে হয়। এখানে মূল শর্ত রয়েছে, যা ভালো ওয়াটার স্টুয়ার্ডশিপ অনুশীলনের মৌলিক উপাদান উপস্থাপন করে, পাশাপাশি উন্নত গোল্ড ও প্লাটিনাম স্তরের উন্নত শর্তসমূহ রয়েছে, যা ধারাবাহিক উন্নতির পথনির্দেশনা দেয় এবং উচ্চতর ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মদক্ষতার স্বীকৃতি প্রদান করে।

এই শর্তসমূহে মানদণ্ড পূরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রমগুলো উল্লেখ করা হয়েছে যেমন সনাক্তকরণ, নথিভুক্তকরণ, মানচিত্রায়ন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ, পরিমাপ, মূল্যায়ন এবং প্রকাশ, যা পুরো স্ট্যান্ডার্ড জুড়ে ইটালিক অক্ষরে চিহ্নিত এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পরিভাষার সাথে শব্দকোষে সংজ্ঞায়িত।

এই ধাপগুলো কঠোর ক্রম অনুসরণ করা বাধ্যতামূলক নয় এবং নির্দিষ্ট মানদণ্ড ও শর্তের সঙ্গে সম্পর্কিত কার্যক্রম সমান্তরালভাবে পরিচালিত হতে পারে। AWS স্ট্যান্ডার্ডের বাস্তবায়ন একটি পুনরাবৃত্তিমূলক প্রক্রিয়া, যার উদ্দেশ্য হলো ধারাবাহিক উন্নতি নিশ্চিত করা, যাতে সময়ের সাথে সাথে কর্মদক্ষতা উন্নত হয়।

AWS স্ট্যান্ডার্ডের ফলাফল

এই ধাপগুলো কঠোর ক্রম অনুসরণ করা বাধ্যতামূলক নয় এবং নির্দিষ্ট মানদণ্ড ও শর্তের সঙ্গে সম্পর্কিত কার্যক্রম সমান্তরালভাবে পরিচালিত হতে পারে। AWS স্ট্যান্ডার্ডের বাস্তবায়ন একটি পুনরাবৃত্তিমূলক প্রক্রিয়া, যার উদ্দেশ্য হলো ধারাবাহিক উন্নতি নিশ্চিত করা, যাতে সময়ের সাথে সাথে কর্মদক্ষতা উন্নত হয়। AWS স্ট্যান্ডার্ডের বাস্তবায়নের উদ্দেশ্য হলো সাইটের জন্য এবং ক্যাচমেন্টের মধ্যে পাঁচটি প্রধান ফলাফল অর্জন করা। স্ট্যান্ডার্ডের প্রতিটি মানদণ্ডের সাথে এক বা একাধিক প্রতীক সংযুক্ত থাকে, যা নির্দেশ করে যে মানদণ্ডটি পূরণ হলে কোন ফলাফলে অবদান রাখবে:

	ভালো পানি শাসনব্যবস্থা সরকারের, নিয়ন্ত্রক সংস্থার, সরবরাহকারীর এবং ব্যবহারকারীদের দ্বারা পানির ব্যবস্থাপনার সকল দিককে অন্তর্ভুক্ত করে এবং ওয়াটার স্টুয়ার্ডশিপের নীতির সাথে সামঞ্জস্য রেখে ব্যবহারকারী ও প্রাকৃতিক পরিবেশের স্বার্থে পানিসম্পদের দায়িত্বশীল বণ্টন নিশ্চিত করে।
	টেকসই পানি ভারসাম্য এমন একটি অবস্থা বোঝায় যেখানে ক্যাচমেন্টের মধ্যে চলমান পানি ব্যবহার প্রাকৃতিক পরিবেশ এবং অন্যান্য পানি ব্যবহারকারীদের জন্য পানির প্রাপ্যতার ওপর দীর্ঘমেয়াদি কোনো নেতিবাচক প্রভাব ফেলে না।
	ভালো মানের অবস্থা বলতে পানির জৈবিক, রাসায়নিক এবং ভৌত বৈশিষ্ট্যকে বোঝায়, যা প্রায়ই ব্যবহারের মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। ভালো পানিমানের অবস্থা তখনই অর্জিত হয়, যখন পানি তার নির্ধারিত ব্যবহারের জন্য উপযুক্ত থাকে, যেমন পানীয় পানি, সেচ বা বাস্তুতন্ত্রকে সহায়তা করা।
	স্বাস্থ্যকর স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্রের মধ্যে হ্রদ, ক্যাচমেন্ট, নদী, খাল, ক্যানাল, মোহনা, ভূগর্ভস্থ ক্যাচমেন্ট, বিভিন্ন ধরনের জলাভূমি এবং এসব বাস্তুতন্ত্রে বসবাসকারী বিপুল প্রজাতিগত বৈচিত্র্য অন্তর্ভুক্ত। একটি স্বাস্থ্যকর স্বাদু পানির বাস্তুতন্ত্র তার প্রাকৃতিক পরিবর্তনশীলতার সীমার মধ্যে পরিবেশগত কাঠামো, প্রক্রিয়া, কার্যাবলি এবং স্থিতিস্থাপকতা বজায় রাখে।
	সবার জন্য নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) বলতে নিরাপদ ও সাস্থ্য পানির সার্বজনীন ও ন্যায্যসঙ্গত প্রাপ্যতা এবং পর্যাপ্ত ও ন্যায্যসঙ্গত স্যানিটেশন ও স্বাস্থ্যবিধিতে প্রবেশাধিকারকে বোঝায়।

সমষ্টিগত উদ্যোগ

AWS স্ট্যান্ডার্ডের ফলাফল সাধারণত একটি মাত্র সাইটের মাধ্যমে কোনো ক্যাচমেন্টের জন্য সম্পূর্ণভাবে অর্জন করা সম্ভব নয়। অতএব, ভালো ওয়াটার স্টুয়ার্ডশিপের একটি গুরুত্বপূর্ণ নীতি এবং স্ট্যান্ডার্ডের একটি প্রধান বৈশিষ্ট্য হলো ক্যাচমেন্টের মধ্যে সমষ্টিগত উদ্যোগ, যেখানে ওয়াটার স্টুয়ার্ড এবং সংশ্লিষ্ট অংশীজনরা অন্তর্ভুক্ত থাকে। সমষ্টিগত উদ্যোগে স্থানীয় ও আদিবাসী শাসনব্যবস্থার প্রতি সম্মান জানানো উচিত এবং বিদ্যমান ক্যাচমেন্টভিত্তিক উদ্যোগকে সহায়তা ও অবদান রাখা উচিত, সেগুলো প্রতিস্থাপন বা প্রতিযোগিতা করা নয়, যতক্ষণ না সেগুলো AWS স্ট্যান্ডার্ডের ফলাফলের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।


ক্যাচমেন্ট সম্পর্কিত তথ্য এবং অংশীজন সম্পৃক্ততা

AWS স্বীকার করে যে বিশ্বের অনেক অঞ্চলে ক্যাচমেন্ট সংক্রান্ত পানির তথ্য সহজলভ্য নয় বা অপর্যাপ্ত। সেই কারণে, স্ট্যান্ডার্ডের কোনো নির্দিষ্ট শর্তের জন্য যদি ক্যাচমেন্ট সংক্রান্ত তথ্য উপলব্ধ না থাকে, তবে তথ্য সংগ্রহের জন্য সাইটের প্রচেষ্টার প্রমাণ, যেমন তথ্যের অনুরোধ ও যোগাযোগ, নথিভুক্ত করতে হবে। একইভাবে, এটিও স্বীকৃত যে সাইটগুলো অংশীজনদের ওয়াটার স্টুয়ার্ডশিপ উদ্যোগে সম্পৃক্ত হওয়া ও মতামত দেওয়ার জন্য বাধ্য করতে পারে না। যেখানে অংশীজনরা সম্পৃক্ত হতে বা মতামত দিতে অনিচ্ছুক, সেখানে সাইট যে যুক্তিসঙ্গত প্রচেষ্টা করেছে এবং মতামত চেয়েছে তার প্রমাণ, অংশীজনদের সাথে যোগাযোগসহ, নথিভুক্ত করতে হবে।

AWS স্ট্যান্ডার্ড অনুযায়ী সার্টিফিকেশন

AWS স্ট্যান্ডার্ড অনুযায়ী সার্টিফিকেশন দায়িত্বশীল ওয়াটার স্টুয়ার্ডশিপের বৈশ্বিক মানদণ্ড পূরণের স্বীকৃতি প্রদান করে। এটি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে টেকসই পানি ব্যবস্থাপনার প্রতি তাদের অঙ্গীকার সম্পর্কে বিশ্বাসযোগ্য দাবি করতে সক্ষম করে এবং বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি, ব্র্যান্ড ভাবমূর্তি উন্নত করা এবং গ্রাহক সম্পর্ক দৃঢ় করতে সহায়তা করে।

একটি সাইট AWS স্ট্যান্ডার্ড সার্টিফিকেশনের তিনটি স্তরের যেকোনোটি অর্জন করতে পারে: কোর, গোল্ড এবং প্লাটিনাম। কোর সার্টিফিকেশন অর্জনের জন্য সাইটগুলোকে AWS স্ট্যান্ডার্ডের সব কোর শর্ত পূরণ করতে হবে। যেসব সাইট গোল্ড স্তরের AWS সার্টিফিকেট অর্জন করতে চায়, তাদের কোর ও গোল্ড উভয় স্তরের সকল শর্ত পূরণ করতে হবে। যেসব সাইট এক বা একাধিক AWS ফলাফল ক্ষেত্রের জন্য প্লাটিনাম সার্টিফিকেশন অর্জন করতে চায়, তাদের কোর ও গোল্ড সব শর্ত পূরণের পাশাপাশি সংশ্লিষ্ট ফলাফল ক্ষেত্রের জন্য নির্ধারিত পৃথক প্লাটিনাম শর্তসমূহও পূরণ করতে হবে, যা নিচের চিত্রে বর্ণিত:



ধাপ ১:

সংগ্রহ ও অনুধাবন

পানি ঝুঁকি, যৌথ পানিসংক্রান্ত
চ্যালেঞ্জ এবং সুযোগ বোঝার জন্য
তথ্য সংগ্রহ করা।

উদ্দেশ্য

নিশ্চিত করা যে সাইটটি তার পানি ব্যবহার এবং ক্যাচমেন্ট প্রেস্ফাপট সম্পর্কিত তথ্য সংগ্রহ করে এবং এসব তথ্য ব্যবহার করে পানিসংক্রান্ত প্রভাব ও নির্ভরশীলতা, পানি ঝুঁকি, যৌথ পানি চ্যালেঞ্জ এবং সুযোগসমূহ বুঝতে পারে। এই তথ্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল ও পরিকল্পনা (ধাপ ২) প্রণয়নে সহায়তা করে এবং সাইটের অঙ্গীকার পূরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম (ধাপ ৩) পরিচালনায় দিকনির্দেশনা দেয়।

ধাপ ১: সংগ্রহ ও অনুধাবন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
১.১   	<p>ওয়াটার স্টুয়ার্ডশিপের উদ্দেশ্যে সাইটের সীমানা নির্ধারণ এবং তার ক্যাচমেন্ট বা ক্যাচমেন্টসমূহ চিহ্নিত করার জন্য তথ্য সংগ্রহ করা।</p>
	<p>১.১.১ নিম্নলিখিত উপাদানসমূহসহ সাইটের মানচিত্র প্রস্তুত করতে হবে:</p> <ul style="list-style-type: none"> • সাইটের সীমানা; • সাইটের অভ্যন্তরে অবস্থিত সব পানির উৎস এবং পানি উত্তোলনের স্থান; • যেসব এলাকা ও স্থাপনায় পানি ব্যবহার করা হয়; • পানিসংক্রান্ত অবকাঠামো, যার মধ্যে কুপ, পাইপ নেটওয়ার্ক এবং সাইট বা তার মূল সংস্থার মালিকানাধীন বা পরিচালিত যেকোনো পানি পরিশোধন, পুনর্ব্যবহার বা সংরক্ষণ ব্যবস্থা অন্তর্ভুক্ত; • সাইটের অভ্যন্তরের বর্জ্যপানি এবং বৃষ্টির পানির নিষ্সরণ স্থান; • পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ। <p>১.১.২ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপের উদ্দেশ্যে ভূপৃষ্ঠের ক্যাচমেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে ভূগর্ভস্থ ক্যাচমেন্ট চিহ্নিত ও মানচিত্রায়িত করতে হবে। ক্যাচমেন্ট এলাকার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে:</p> <ul style="list-style-type: none"> • সাইটের অবস্থান; • সাইটের পানি পরিষেবা প্রদানকারীর অবস্থান (প্রযোজ্য হলে) এবং পানি উৎসসমূহের অবস্থান; • সাইটের বর্জ্যপানি পরিষেবা প্রদানকারীর অবস্থান (প্রযোজ্য হলে) এবং যেসব জলাশয়ে নিষ্সরণ হয় সেগুলোর অবস্থান; • HydroBASINS ডেটাসেটের স্তর ৬ থেকে ১০-এর সমতুল্য পরিসরে হতে হবে।
১.২     	<p>সংশ্লিষ্ট অংশীজনদের চিহ্নিত ও সম্পৃক্ত করা এবং তাদের পানিসংক্রান্ত আগ্রহ ও চ্যালেঞ্জসমূহ বোঝা।</p>
	<p>১.২.১ সাইটের ক্যাচমেন্ট (১.১.২) এর মধ্যে পানিসংক্রান্ত আগ্রহ রয়েছে এমন অংশীজনদের চিহ্নিত করতে হবে। যেখানে প্রযোজ্য, সেখানে সব সংশ্লিষ্ট অংশীজন গোষ্ঠী অন্তর্ভুক্ত করে অংশীজনদের একটি তালিকা নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তবে এদের মধ্যেই সীমাবদ্ধ নয়:</p> <ul style="list-style-type: none"> • স্থানীয় কর্তৃপক্ষ, নিয়ন্ত্রক সংস্থা এবং বা অন্যান্য সরকারি সংস্থা; • পানি ব্যবহারকারী সমিতি; • পানি পরিষেবা সংস্থা; • শিল্প ও কৃষিখাতের পানি ব্যবহারকারী; • স্থানীয় সম্প্রদায়; • সাইটের কর্মী, সরবরাহকারী এবং পরিষেবা প্রদানকারী; • আদিবাসী জনগোষ্ঠী এবং তাদের প্রথাগত নেতা; • ঝুঁকিপূর্ণ গোষ্ঠী; • সামাজিক ও পরিবেশগত নাগরিক সমাজ সংস্থা (CSO); • শিক্ষা প্রতিষ্ঠান। <p>১.২.২ অংশীজনদের পানিসংক্রান্ত আগ্রহ ও চ্যালেঞ্জসমূহ একটি অংশীজন সম্পৃক্ততা প্রক্রিয়ার মাধ্যমে চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে। এই প্রক্রিয়াটি অবশ্যই:</p> <ul style="list-style-type: none"> • যেখানে প্রযোজ্য, সেখানে ১.২.১ এ উল্লিখিত সব সংশ্লিষ্ট অংশীজন গোষ্ঠীর প্রতিনিধিত্বসহ অংশীজনদের সম্পৃক্ত করার ক্ষেত্রে সাইটের প্রচেষ্টা প্রদর্শন করবে; • অংশীজনদের আগ্রহ ও প্রভাবের মাত্রার ভিত্তিতে গ্রহণ করা সম্পৃক্ততার স্তরের যৌক্তিকতা প্রদান করবে; • অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করতে পারে এমন বিষয়সমূহ বিবেচনা করবে।
১.৩     	<p>সাইটের জন্য পানিসংক্রান্ত তথ্য সংগ্রহ ও তা বোঝা, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: পানি শাসনব্যবস্থা, পানি ভারসাম্য, পানি ব্যবহারের দক্ষতা, পানির গুণগত মান, স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য, পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি, এবং পানিসংক্রান্ত ব্যয় ও মূল্য সৃষ্টির বিষয়সমূহ।</p>
	<p>১.৩.১ পানিসংক্রান্ত আইন ও বিধিবিধান মেনে চলার জন্য যেসব পদে দায়িত্ব অর্পিত রয়েছে সেগুলোর বিবরণসহ সাইটের পানিসংক্রান্ত অভ্যন্তরীণ শাসনব্যবস্থা নথিভুক্ত করতে হবে।</p>
	<p>১.৩.২ সাইটের পানি ভারসাম্য মানচিত্রায়িত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে আগমন প্রবাহ, ব্যবহার, ক্ষতি, সংরক্ষণ, পানি পুনর্ব্যবহার, বহির্গমন প্রবাহ এবং মিটারিং পয়েন্টসমূহ।</p>
	<p>১.৩.৩ আগমন প্রবাহ, ব্যবহার, ক্ষতি, সংরক্ষণ, পুনর্ব্যবহার এবং বহির্গমন প্রবাহসহ সাইটের পানি ভারসাম্য পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে। বার্ষিক সাইট পানি ভারসাম্য এবং মাসভিত্তিক পানি ব্যবহার হারের তারতম্য (উচ্চ ও নিম্ন তারতম্যসহ) পরিমাপ ও নথিভুক্ত করতে হবে এবং প্রবণতার বিশ্লেষণ অন্তর্ভুক্ত করতে হবে।</p>
<p>১.৩.৪ সাইটের পানি ব্যবহারের দক্ষতা (আউটপুট, কার্যক্রম বা এলাকার প্রতি একক m³) অন্তত বছরে একবার পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে এবং এর প্রবণতার বিশ্লেষণ অন্তর্ভুক্ত করতে হবে।</p>	

ধাপ ১: সংগ্রহ ও অনুধাবন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
	<p>১.৩.৫ সাইটের অভ্যন্তরীণ পানির উৎসসমূহ, সরবরাহকৃত পানি এবং নিঃসৃত পানির গুণগত মান পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে। নিঃসরণের ক্ষেত্রে দূষকের ঘনত্ব ও পরিমাণ চিহ্নিত ও পরিমাপ করতে হবে। বার্ষিক ও মৌসুমি উচ্চ ও নিম্ন তারতম্য চিহ্নিত করতে হবে এবং প্রবণতার বিশ্লেষণ অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>১.৩.৬ পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ চিহ্নিত করতে হবে। স্থানীয় আইন অনুযায়ী সাইটে ব্যবহৃত বা সংরক্ষিত সব রাসায়নিক, জ্বালানি, সার, বিপজ্জনক বর্জ্য বা অন্যান্য গুরুত্বপূর্ণ দূষকসহ পানি দূষণের সব সম্ভাব্য উৎসের একটি তালিকা নথিভুক্ত করতে হবে।</p> <p>১.৩.৭ সাইটের অভ্যন্তরের স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য চিহ্নিত করতে হবে, মানচিত্রায়িত বা নথিভুক্ত করতে হবে এবং তাদের অবস্থা মূল্যায়ন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তবে এতে সীমাবদ্ধ নয়:</p> <ul style="list-style-type: none"> • জলাশয় এবং জলাভূমি; • বন্যপ্রাণিত এলাকা ও ভূগর্ভস্থ পানির পুনঃভরণ অঞ্চল; • হুমকির মুখে থাকা ও বিপন্ন প্রজাতি; • আক্রমণাত্মক প্রজাতি। <p>১.৩.৮ সাইটে WASH সুবিধার প্রাপ্যতা ও পর্যাপ্ততার মাত্রা জাতীয় নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা বা আইন ও বিধান না থাকলে আন্তর্জাতিক নির্দেশিকার সাথে তুলনা করে নথিভুক্ত ও পর্যবেক্ষণ করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • কর্মীদের জন্য পানি, খাদ্য প্রস্তুতি এবং ধোয়ার কাজে ব্যবহারের জন্য উপলব্ধ পানির প্রাপ্যতা ও গুণমান; • টয়লেট ও হাত ধোয়ার স্টেশনের সংখ্যা এবং তাদের অবস্থান, নকশা, অবস্থা, নিরাপত্তা এবং পরিষ্কার ও রক্ষণাবেক্ষণের ঘনত্বের বিবরণ; • WASH সুবিধা দ্বারা সেবা প্রাপ্ত কর্মীর সংখ্যা। <p>১.৩.৯ গোল্ড প্রয়োজনীয়তা বার্ষিক পানিসংক্রান্ত ব্যয় পরিমাপ করতে হবে এবং সাইটের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক পানিসংক্রান্ত মূল্য চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে।</p>
<p>১.৪ ক্যাচমেন্ট (১.১.২) এর জন্য বিদ্যমান পানিসংক্রান্ত তথ্য সংগ্রহ ও অনুধাবন করতে হবে, যার মধ্যে রয়েছে পানি শাসনব্যবস্থা, পানি ভারসাম্য, পানিমান, স্বাদু পানির বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য, পানিসংক্রান্ত পানিবায়ু প্রবণতা, অবকাঠামো এবং পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH)।</p>	<p>১.৪.১ ক্যাচমেন্টের মধ্যে বিদ্যমান পানি শাসন সংক্রান্ত উদ্যোগসমূহ চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে ক্যাচমেন্ট পরিকল্পনা, পানিসংক্রান্ত সরকারি নীতিমালা এবং প্রধান সরকারি উদ্যোগ অন্তর্ভুক্ত। অংশগ্রহণ বা সমষ্টিগত উদ্যোগের সম্ভাব্য সুযোগ সম্পর্কে সাইটকে অবহিত করতে পানি শাসন উদ্যোগগুলোর প্রাসঙ্গিক লক্ষ্যসমূহ চিহ্নিত করতে হবে।</p> <p>১.৪.২ সাইটের ক্ষেত্রে প্রযোজ্য পানিসংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তাসমূহ চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে। চিহ্নিত আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তাগুলো কীভাবে সাইটের ক্ষেত্রে প্রযোজ্য তা বর্ণনা করে নথিভুক্ত করতে হবে।</p> <p>১.৪.৩ ক্যাচমেন্টের মধ্যে পানি সংক্রান্ত সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক মূল্য ১.২.২ অনুযায়ী অংশীজনদের সঙ্গে পরামর্শের মাধ্যমে চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • স্থানীয় সম্প্রদায় বা আদিবাসী জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণে অপরিহার্য পানিসংক্রান্ত এলাকাসমূহ; • যেসব পানিসংক্রান্ত এলাকা সামাজিক, সাংস্কৃতিক বা বিনোদনমূলক মূল্যসম্পন্ন হিসেবে বিবেচিত; • প্রযোজ্য ক্ষেত্রে ক্যাচমেন্টের অংশীজনদের প্রথাগত পানি অধিকার। <p>১.৪.৪ ক্যাচমেন্টের পানি ভারসাম্য পরিমাপ ও নথিভুক্ত করতে হবে। যেখানে ক্যাচমেন্টের পানি ভারসাম্য গণনার জন্য পর্যাপ্ত তথ্য নেই, সেখানে পানি চাপের একটি পরিমাপ নির্ধারণ করতে হবে। যেখানে তথ্য উপলব্ধ, সেখানে বার্ষিক ও মৌসুমি তারতম্য চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে এবং প্রবণতার বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>১.৪.৫ ক্যাচমেন্টের পানির গুণগত মান চিহ্নিত ও পরিমাপ করতে হবে, যার মধ্যে সাইটের পানির উৎসসমূহ এবং যেসব জলাশয়ে নিঃসরণ হয় সেগুলো অন্তর্ভুক্ত থাকবে তবে এতে সীমাবদ্ধ নয়। উদ্বোধনকর্তা, রাসায়নিক এবং জৈবিক মানদণ্ডসমূহ চিহ্নিত করতে হবে। যেখানে তথ্য পাওয়া যায়, সেখানে বার্ষিক ও মৌসুমি উচ্চ ও নিম্ন তারতম্য চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে এবং প্রবণতার বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। যেখানে সাইট লবণাক্তকৃত পানি ব্যবহার করে, সেখানে লবণাক্তকরণ প্রক্রিয়া থেকে নির্গত বর্জ্য পানি গুণগত মান এবং যেসব জলাশয়ে তা প্রবেশ করে সেগুলোর গুণগত মান অন্তর্ভুক্ত করতে হবে।</p>

ধাপ ১: সংগ্রহ ও অনুধাবন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
	<p>১.৪.৬ ক্যাচমেন্টের মধ্যে স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য চিহ্নিত করতে হবে, মানচিত্রায়িত বা নথিভুক্ত করতে হবে এবং তাদের অবস্থা মূল্যায়ন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তবে এতে সীমাবদ্ধ নয়:</p> <ul style="list-style-type: none"> • সংরক্ষিত ও সংরক্ষণাধীন এলাকা; • গুরুত্বপূর্ণ জীববৈচিত্র্য এলাকা; • আন্তর্জাতিক গুরুত্বসম্পন্ন RAMSAR জলাভূমি; • পরিবেশগত প্রবাহ; • ছমকির মুখে থাকা ও বিপন্ন প্রজাতি; • আক্রমণাত্মক প্রজাতি <p>• ১.২.২ অনুযায়ী ক্যাচমেন্টের অংশীজনদের দ্বারা গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত স্বাদু পানির বাস্তুতন্ত্র ও প্রজাতি;</p> <ul style="list-style-type: none"> • স্থানীয় বা বৈশ্বিক পর্যায়ে দ্রুত হ্রাস পাচ্ছে এমন সাধারণ স্বাদু পানির বাস্তুতন্ত্র ও প্রজাতি। <p>১.৪.৭ ক্যাচমেন্টের জন্য পানিসংক্রান্ত জলবায়ু প্রবণতা চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে বৃষ্টিপাতের পর্যবেক্ষিত ও পূর্বাভাসিত পরিবর্তন এবং পানিসংক্রান্ত চরম ঘটনাসমূহ অন্তর্ভুক্ত। পানির ওপর জলবায়ু পরিবর্তনের বর্তমান ও সম্ভাব্য ভবিষ্যৎ প্রভাবসমূহ চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে।</p> <p>১.৪.৮ ক্যাচমেন্টের মধ্যে বিদ্যমান এমন যৌথ পানিসংক্রান্ত অবকাঠামো, যার ওপর সাইট নির্ভরশীল বা যা দ্বারা প্রভাবিত হতে পারে, চিহ্নিত ও মানচিত্রায়িত করতে হবে। অবকাঠামোর অবস্থা এবং চরম ঘটনার সম্ভাব্য ঝুঁকির বিবরণ নথিভুক্ত করতে হবে।</p> <p>১.৪.৯ ক্যাচমেন্টের মধ্যে পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকার কতটুকু রয়েছে তা চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • নিরাপদ পানি সেবায় প্রবেশাধিকার রয়েছে এমন জনসংখ্যার শতকরা হার; • স্যানিটেশন সেবায় প্রবেশাধিকার রয়েছে এমন জনসংখ্যার শতকরা হার; • স্বাস্থ্যবিধি সেবায় প্রবেশাধিকার রয়েছে এমন জনসংখ্যার শতকরা হার। <p>১.৪.১০ গোল্ড প্রয়োজনীয়তা সাইটটি ক্যাচমেন্ট পর্যায়ে তথ্য সংগ্রহকে সমর্থন করবে এবং/অথবা নিজে পরিচালনা করবে, যাতে বিদ্যমান বা নতুন তথ্যের নির্ভুলতা এবং বা সংগ্রহের ঘনত্ব উন্নত হয়। ক্যাচমেন্ট সংক্রান্ত তথ্য নথিভুক্ত করতে হবে এবং সংশ্লিষ্ট ক্যাচমেন্ট অংশীজনদের সঙ্গে ভাগাভাগি করতে হবে।</p>
<p>১.৫ ক্যাচমেন্ট এবং ভ্যালু চেইনের মধ্যে সাইটের পানিসংক্রান্ত প্রভাব ও নির্ভরশীলতা অনুধাবন করা।</p>	<p>১.৫.১ সাইট (১.৩) এবং ক্যাচমেন্ট প্রেক্ষাপট (১.৪) সম্পর্কে ধারণার ভিত্তিতে সাইটকে তার পানিসংক্রান্ত প্রভাব ও নির্ভরশীলতা চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • পানির ভারসাম্য, পানির গুণগত মান এবং স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্যের জন্য অন্তত একটি করে প্রভাব ও একটি করে নির্ভরশীলতা চিহ্নিতকরণ; • তথ্য উৎস, অনুমান এবং ঘটতির নথিভুক্তকরণ; • যেখানে পর্যাপ্ত তথ্য পাওয়া যায় সেখানে মৌসুমি বা দীর্ঘমেয়াদি প্রবণতার বিবরণ। <p>১.৫.২ গোল্ড প্রয়োজনীয়তা সাইটকে তার ভ্যালু চেইনের মধ্যে পরোক্ষ পানি ব্যবহারের প্রভাব ও নির্ভরশীলতা চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • টিয়ার-১ সরবরাহকারীদের উৎস দেশ ও ক্যাচমেন্ট এবং পানির ঝুঁকির মাত্রা; • টিয়ার-১ সরবরাহকারীদের কাছ থেকে সংগ্রহ করা পণ্য এবং/অথবা সেবার সাথে সম্পর্কিত পানি ব্যবহারের প্রভাব ও নির্ভরশীলতার বিবরণ; • ভোক্তাদের দ্বারা পণ্যের ব্যবহার ও পরিত্যাগের সাথে সম্পর্কিত পানি ব্যবহারের প্রভাব ও নির্ভরশীলতার বিবরণ।
<p>১.৬ সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি, ক্যাচমেন্টের যৌথ পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সেগুলোর মোকাবিলার সুযোগসমূহ অনুধাবন করা।</p>	<p>১.৬.১ সাইটের প্রভাব ও নির্ভরশীলতা (১.৫.১) সম্পর্কে ধারণার ভিত্তিতে সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকিসমূহ চিহ্নিত ও নথিভুক্ত করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঘটনার সম্ভাবনা ও প্রভাবের তীব্রতা, পাশাপাশি সম্ভাব্য ব্যয় ও ব্যবসায়িক প্রভাবের মূল্যায়নের ভিত্তিতে ঝুঁকিগুলোকে অগ্রাধিকার দিতে হবে।</p> <p>১.৬.২ সংগৃহীত তথ্যের ভিত্তিতে যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ চিহ্নিত, অগ্রাধিকার নির্ধারণ ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি (১.৬.১); • অংশীজনদের পানি সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ (১.২.২); • ক্যাচমেন্ট সংক্রান্ত তথ্য (১.৪)। <p>১.৬.৩ ক্যাচমেন্টের মধ্যে যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলার সুযোগসমূহ চিহ্নিত, অগ্রাধিকার নির্ধারণ ও নথিভুক্ত করতে হবে, যার মধ্যে সাইট কীভাবে সমষ্টিগত উদ্যোগে অংশ নিতে পারে তার বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।</p>

ধাপ ২: অঙ্গীকার ও পরিকল্পনা

দায়িত্বশীল ওয়াটার স্টুয়ার্ড হওয়ার
অঙ্গীকার করা এবং একটি ওয়াটার
স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন করা।

উদ্দেশ্য

সাইটটি যাতে AWS স্ট্যান্ডার্ড বাস্তবায়নের জন্য একটি কৌশল ও পরিকল্পনা, পর্যাপ্ত নেতৃত্বের সমর্থন, সাইট পর্যায়ের কর্তৃত্ব এবং নির্ধারিত সম্পদ পায় তা নিশ্চিত করা। এটি সাইট কীভাবে পানি সংক্রান্ত ঝুঁকি ও যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের ওপর কার্যক্রম গ্রহণ করবে, যাতে পাঁচটি AWS ওয়াটার স্টুয়ার্ডশিপ ফলাফলের প্রেক্ষিতে সাইটের কর্মক্ষমতা ও তার ক্যাচমেন্টের অবস্থা উন্নত হয়, সে বিষয়ের ওপর গুরুত্ব দেয়। ধাপ ২ ধাপ ১ -এ সংগৃহীত তথ্যকে ধাপ ৩ -এ বাস্তবায়িত কার্যক্রমের সাথে সংযুক্ত করে, কে কী করবে এবং কখন করবে তা বর্ণনার মাধ্যমে।

ধাপ ২: অঙ্গীকার ও পরিকল্পনা

মানদণ্ড	প্রয়োজনীয়তা
<p>২.১</p>  <p>একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল প্রণয়ন করা এবং সাইটের সর্বোচ্চ পর্যায়ের ব্যবস্থাপক অথবা প্রয়োজনে সংস্থার প্রধান কার্যালয়ের উপযুক্ত কোনো ব্যক্তির মাধ্যমে ওয়াটার স্টুয়ার্ডশিপ অঙ্গীকারে স্বাক্ষর ও তা সর্বসাধারণের জন্য প্রকাশ করার মাধ্যমে অঙ্গীকার করা।</p>	<p>২.১.১ সাইট এবং/অথবা সংস্থার ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল নথিভুক্ত করতে হবে। এই কৌশলে AWS স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্য রেখে ভালো ওয়াটার স্টুয়ার্ডশিপের জন্য সংস্থার সামগ্রিক মিশন, ভিশন ও লক্ষ্য নির্ধারণ করতে হবে।</p> <p>২.১.২ সাইটের স্বাক্ষরিত অঙ্গীকার বিবৃতি নথিভুক্ত করতে হবে এবং অভ্যন্তরীণভাবে যোগাযোগ করতে হবে। বিবৃতিতে নিম্নলিখিত অঙ্গীকারসমূহ অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • সাইটটি পাঁচটি AWS স্ট্যান্ডার্ড ফলাফলের বিপরীতে উন্নতি অর্জনের প্রচেষ্টা বাস্তবায়ন করবে এবং অগ্রগতি প্রকাশ করবে; • সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ প্রচেষ্টা বিদ্যমান ক্যাচমেন্ট সুস্থায়িত্ব নীতি ও পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং সেগুলোর সহায়ক হবে; • সাইটের অংশীজনদের উন্মুক্ত ও স্বচ্ছ পদ্ধতিতে সম্পৃক্ত করা হবে; • সাইটটি ওয়াটার স্টুয়ার্ডশিপ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ করবে। <p>২.১.৩ গোল্ড প্রয়োজনীয়তা ২.১.২ এ নির্ধারিত প্রয়োজনীয়তা পূরণ করে এমন একটি অঙ্গীকার বিবৃতি সংস্থার সর্বোচ্চ পর্যায়ের নির্বাহী কর্মকর্তা বা গভর্নেন্স বোর্ড দ্বারা স্বাক্ষরিত হয়ে নথিভুক্ত ও সর্বসাধারণের জন্য প্রকাশ করতে হবে।</p>
<p>২.২</p>  <p>পানি সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক সম্মতি অর্জন ও বজায় রাখার জন্য একটি ব্যবস্থা প্রণয়ন ও নথিভুক্ত করা।</p>	<p>২.২.১ পানি সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক সম্মতি পরিচালনার জন্য সাইটের ব্যবস্থা নথিভুক্ত করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none"> • সংস্থার কাঠামোর মধ্যে যেসব পদ নিয়ম-নিষ্ঠা বজায় রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত সেগুলোর সনাক্তকরণ; • নিয়ন্ত্রক সংস্থায় প্রতিবেদন জমা দেওয়া এবং নথি সংরক্ষণের প্রক্রিয়া; • নতুন বা সংশোধিত আইন সনাক্ত করার প্রক্রিয়া।
<p>২.৩</p>      <p>পাঁচটি AWS স্ট্যান্ডার্ড ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য লক্ষ্য নির্ধারণসহ একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন করা, যা নেতিবাচক প্রভাব কমায় এবং সাইটের পানিসংক্রান্ত ঝুঁকি ও ক্যাচমেন্টের যৌথ পানিসংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে। পরিকল্পনাটি প্রতি বছর পর্যালোচনা ও আপডেট করতে হবে।</p>	<p>২.৩.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় ভালো পানি শাসনের জন্য লক্ষ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:</p> <ul style="list-style-type: none"> • প্রতিটি লক্ষ্য কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার সূচকসমূহ; • লক্ষ্য অর্জন, বজায় রাখা অথবা অতিক্রম করার জন্য কার্যক্রম ও সম্পদ; • বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসহ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত সময়সীমা; • প্রতিটি লক্ষ্য ও পানি সংক্রান্ত প্রভাব, সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের মধ্যকার সংযোগ; • সমষ্টিগত কার্যক্রমের সনাক্তকরণ ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), যার মধ্যে সংশ্লিষ্ট সংস্থা এবং সাইটের পালনযোগ্য ভূমিকা(গুলি) অন্তর্ভুক্ত থাকবে; • পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা কীভাবে এবং আদৌ প্রভাবিত হয়েছে কিনা। <p>২.৩.২ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় পানি ভারসাম্যের জন্য টেকসই লক্ষ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:</p> <ul style="list-style-type: none"> • প্রতিটি লক্ষ্য কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার সূচকসমূহ; • লক্ষ্য অর্জন ও বজায় রাখার (অথবা অতিক্রম করার) জন্য কার্যক্রম ও সম্পদ; • বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসহ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত সময়সীমা; • প্রতিটি লক্ষ্য ও পানি সংক্রান্ত প্রভাব, সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের মধ্যকার সংযোগ; • সমষ্টিগত কার্যক্রমের সনাক্তকরণ ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), যার মধ্যে সংশ্লিষ্ট সংস্থা এবং সাইটের পালনযোগ্য ভূমিকা(গুলি) অন্তর্ভুক্ত থাকবে; • পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা কীভাবে এবং আদৌ প্রভাবিত হয়েছে কিনা। <p>২.৩.৩ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় পানি ভারসাম্যের জন্য টেকসই লক্ষ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:</p> <ul style="list-style-type: none"> • প্রতিটি লক্ষ্য কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার সূচকসমূহ; • লক্ষ্য অর্জন ও বজায় রাখার (অথবা অতিক্রম করার) জন্য কার্যক্রম ও সম্পদ; • বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসহ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত সময়সীমা; • প্রতিটি লক্ষ্য ও পানি সংক্রান্ত প্রভাব, সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের মধ্যকার সংযোগ; • সমষ্টিগত কার্যক্রমের সনাক্তকরণ ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), যার মধ্যে সংশ্লিষ্ট সংস্থা এবং সাইটের পালনযোগ্য ভূমিকা(গুলি) অন্তর্ভুক্ত থাকবে; • পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা কীভাবে এবং আদৌ প্রভাবিত হয়েছে কিনা।

ধাপ ২: অঙ্গীকার ও পরিকল্পনা

মানদণ্ড	প্রয়োজনীয়তা
	<p>২.৩.৪ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় স্বাস্থ্যকর স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্যের জন্য লক্ষ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:</p> <ul style="list-style-type: none">প্রতিটি লক্ষ্য কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার সূচকসমূহ;লক্ষ্য অর্জন ও বজায় রাখার (অথবা অতিক্রম করার) জন্য কার্যক্রম ও সম্পদ;বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসহ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত সময়সীমা;প্রতিটি লক্ষ্য ও পানি সংক্রান্ত প্রভাব, সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের মধ্যকার সংযোগ;সমষ্টিগত কার্যক্রমের সনাক্তকরণ ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), যার মধ্যে সংশ্লিষ্ট সংস্থা এবং সাইটের পালনযোগ্য ভূমিকা(গুলি) অন্তর্ভুক্ত থাকবে;পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা কীভাবে এবং আদৌ প্রভাবিত হয়েছে কিনা।
	<p>২.৩.৫ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধির জন্য লক্ষ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:</p> <ul style="list-style-type: none">প্রতিটি লক্ষ্য কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার সূচকসমূহ;লক্ষ্য অর্জন ও বজায় রাখার (অথবা অতিক্রম করার) জন্য কার্যক্রম ও সম্পদ;বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসহ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত সময়সীমা;প্রতিটি লক্ষ্য ও পানি সংক্রান্ত প্রভাব, সাইটের পানি সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জের মধ্যকার সংযোগ;সমষ্টিগত কার্যক্রমের সনাক্তকরণ ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), যার মধ্যে সংশ্লিষ্ট সংস্থা এবং সাইটের পালনযোগ্য ভূমিকা(গুলি) অন্তর্ভুক্ত থাকবে;পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা কীভাবে এবং আদৌ প্রভাবিত হয়েছে কিনা।
<p>২.৪ পানি সংক্রান্ত ঝুঁকির প্রতি সাইটের সাদা দেওয়ার সক্ষমতা ও স্থিতিস্থাপকতা প্রদর্শন করা।</p> 	<p>২.৪.১ সাইটের ঘটনা প্রতিক্রিয়া পরিকল্পনা নথিভুক্ত করতে হবে। পরিকল্পনাটি ১.৬.১ এ চিহ্নিত পানি সংক্রান্ত ঝুঁকির সাথে সম্পর্কিত ঘটনাগুলোর প্রতিক্রিয়া জানাবে।</p> <p>২.৪.২ গোল্ড প্রয়োজনীয়তা ক্যাচমেন্টের জলবায়ু প্রবণতা (১.৪.৭) এর সাথে সম্পর্কিত পানি সংক্রান্ত ঝুঁকি (১.৬.১) মোকাবিলায় স্থিতিস্থাপকতা গড়ে তুলতে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) জলবায়ু-সহনশীলভাবে প্রস্তুত করতে হবে। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকবে:</p> <ul style="list-style-type: none">পানি সংক্রান্ত জলবায়ু ঝুঁকির প্রতি সাইটের দুর্বলতার একটি নির্দেশনা;সাইটের অভিযোজন লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম।

ধাপ ৩: বাস্তবায়ন

ফলাফল অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

উদ্দেশ্য

ধাপ ২ -এ বর্ণিত পরিকল্পনাগুলো সাইট বাস্তবায়ন করছে কিনা, লক্ষ্য অর্জনের দিকে অগ্রগতি প্রদর্শন করছে কিনা এবং পাঁচটি AWS ওয়াটার স্টুয়ার্ডশিপ ফলাফলের বিপরীতে কর্মক্ষমতা উন্নয়নে ভূমিকা রাখছে কিনা তা নিশ্চিত করা।

ধাপ ৩: বাস্তবায়ন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
৩.১  পানি সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা মেনে চলার জন্য একটি ব্যবস্থা বাস্তবায়ন করা এবং ক্যাচমেন্টের পানির সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক মূল্যবোধকে সম্মান করা।	৩.১.১ পানি সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক সম্মতি বজায় রাখার জন্য সাইটের ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে এবং পূর্ণ সম্মতি নথিভুক্ত করতে হবে।
	৩.১.২ সাইটটি ক্যাচমেন্টের (১.৪.৩) পানির সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক মূল্যবোধের ওপর যেকোনো নেতিবাচক প্রভাব (১.৫.১) প্রশমন করবে। প্রভাব প্রশমনের জন্য গৃহীত ব্যবস্থাগুলো নথিভুক্ত করতে হবে।
৩.২  ভালো পানি শাসনের লক্ষ্য অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।	৩.২.১ সাইটটি ক্যাচমেন্টের (১.৪.১) পানি শাসন উদ্যোগসমূহে অংশগ্রহণ করবে। এই অংশগ্রহণ পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.২.২ গোল্ড প্রয়োজনীয়তা সাইটটি ক্যাচমেন্টের পানি শাসন উদ্যোগসমূহকে সক্রিয়ভাবে সমর্থন করবে (১.৪.১)। এই উদ্যোগে সাইটের অবদান ও সম্পৃক্ততা পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.২.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা - পানি শাসন ক্যাচমেন্টের পানি শাসন উন্নত করার জন্য সাইটটি জননীতি সম্পৃক্ততায় সক্রিয়ভাবে অংশ নেবে। সাইটের অবদানসমূহ পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
৩.৩  টেকসই পানি ভারসাম্যের লক্ষ্য অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।	৩.৩.১ ১.৩.৪ এ নির্ধারিত বেসলাইনের তুলনায় সাইটটি তার পানি ব্যবহারের দক্ষতা উন্নত করবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
	৩.৩.২ গোল্ড প্রয়োজনীয়তা ১.৩.৩ এ নির্ধারিত বেসলাইনের তুলনায় সাইটটি তার মোট পানি উত্তোলন কমাতে অথবা জলাধারে পানি পুনঃস্থাপন করবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
	৩.৩.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা - পানি ভারসাম্য সাইটটি জলাধারে এমন পরিমাণ পানি পুনঃস্থাপন করবে যা তার মোট পানি উত্তোলনের সমান বা তার চেয়ে বেশি। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
৩.৪  ভালো পানির গুণগত মানের লক্ষ্য অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।	৩.৪.১ সব প্যারামিটারের ক্ষেত্রে সাইটের পানির গুণগত মান আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তায় নির্ধারিত সীমা পূরণ করতে হবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
	৩.৪.২ গোল্ড প্রয়োজনীয়তা ১.৩.৫ এ নির্ধারিত বেসলাইনের তুলনায় সাইটটি তার নির্গমনের দূষক লোড কমাতে হবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
	৩.৪.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা - পানির গুণগত মান ১.৪.৫ এ নির্ধারিত বেসলাইনের তুলনায় ক্যাচমেন্টের এক বা একাধিক গুরুত্বপূর্ণ ভৌত, রাসায়নিক অথবা জৈবিক পরামিতির ক্ষেত্রে সাইটটি পানিমান উন্নত করবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিমাপ করতে হবে।
৩.৫  স্বাস্থ্যকর স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্যের লক্ষ্য অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।	৩.৫.১ ১.৩.৭ এ সনাক্তকৃত সাইটের ভেতরের স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য সংরক্ষণ, রক্ষা অথবা পুনরুদ্ধার করতে হবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.৫.২ গোল্ড প্রয়োজনীয়তা সাইটটি ১.৪.৬ এ সনাক্তকৃত ক্যাচমেন্টের স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য সংরক্ষণ বা রক্ষায় অবদান রাখবে এবং ১.৫.১ এ সনাক্তকৃত যেকোনো নেতিবাচক প্রভাব প্রশমন করবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.৫.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা - স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য সাইটটি ১.৪.৬ এ সনাক্তকৃত ক্যাচমেন্টের অবক্ষয়গ্রস্ত স্বাদু পানির বাস্তুতন্ত্র এবং তাদের জীববৈচিত্র্য পুনরুদ্ধারে অবদান রাখবে। অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।

ধাপ ৩: বাস্তবায়ন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
৩.৬  নিরাপদ পানি, কার্যকর স্যানিটেশন ও সুরক্ষামূলক স্বাস্থ্যবিধি (WASH) এর লক্ষ্য অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।	৩.৬.১ জাতীয় আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে অথবা যেখানে আইন ও বিধিমালা নেই সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার ভিত্তিতে সকল কর্মীর জন্য সাইটে পর্যাপ্ত WASH সুবিধায় প্রবেশাধিকার প্রদান করতে হবে। বাস্তবায়ন পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.৬.২ গোল্ড প্রয়োজনীয়তা যেখানে WASH কে যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করা হয়েছে, সেখানে সাইটটি সরাসরি প্রদান অথবা সরকারি সংস্থা বা নাগরিক সমাজ অংশীদারদের সহায়তার মাধ্যমে জলাধারে পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকারকে সমর্থন করবে। বাস্তবায়ন পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
	৩.৬.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা - WASH সাইটটি তার ভ্যালু চেইনের মধ্যে সরাসরি প্রদান অথবা সরকারি সংস্থা বা নাগরিক সমাজ অংশীদারদের সহায়তার মাধ্যমে পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকারকে সমর্থন করবে। বাস্তবায়ন পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।
৩.৭      সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা থেকে নির্ধারিত সমষ্টিগত কার্যক্রম বাস্তবায়ন করা।	৩.৭.১ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) থেকে নির্ধারিত সমষ্টিগত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে। সমষ্টিগত কার্যক্রমের প্রকৃতি এবং এতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতমভাবে অন্তর্ভুক্ত থাকবে: <ul style="list-style-type: none"> • যেখানে বিদ্যমান সেখানে সমষ্টিগত উদ্যোগে অংশগ্রহণ; • সম্পূর্ণ অংশীদারদের সঙ্গে পানি সংক্রান্ত তথ্য ও উপাত্ত ভাগাভাগি করা; • দ্বিপাক্ষিক সহযোগিতা।
	৩.৭.২ গোল্ড প্রয়োজনীয়তা সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) থেকে নির্ধারিত সমষ্টিগত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে। সমষ্টিগত কার্যক্রমের প্রকৃতি এবং এতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতমভাবে অন্তর্ভুক্ত থাকবে: <ul style="list-style-type: none"> • স্পষ্টভাবে নির্ধারিত ভূমিকা নিয়ে সমষ্টিগত উদ্যোগে সক্রিয় অংশগ্রহণ; • সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য পানি সংক্রান্ত স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে যৌথ ধারণা তৈরি করতে অংশীদারদের সঙ্গে পরামর্শ; • খাতভিত্তিক গোষ্ঠীর সাথে সহযোগিতা।
	৩.৭.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) থেকে নির্ধারিত সমষ্টিগত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে। সমষ্টিগত কার্যক্রমের প্রকৃতি এবং এতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতমভাবে অন্তর্ভুক্ত থাকবে: <ul style="list-style-type: none"> • সমষ্টিগত উদ্যোগ আহ্বান করা অথবা যৌথভাবে আহ্বান করা; • যৌথ লক্ষ্য, দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রতিষ্ঠা; • বহু খাতভিত্তিক গোষ্ঠীর সাথে সহযোগিতা।

ধাপ ৪:

মূল্যায়ন

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মক্ষমতা মূল্যায়ন করা।

উদ্দেশ্য


ধাপ ৩ এ গৃহীত কার্যক্রমসমূহ পর্যালোচনা করা, ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার বিপরীতে সাইটের কর্মক্ষমতা মূল্যায়ন করা, প্রত্যাশিত ও অপ্রত্যাশিত উভয় ফলাফল থেকে শিক্ষা গ্রহণ করা এবং সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার পরবর্তী সংস্করণকে অবহিত করা।

মনে রাখবেন

ধাপ ৪ এর প্রয়োজনীয়তাসমূহ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের এক বছর পর কার্যকর হবে।

ধাপ ৪: মূল্যায়ন

মানদণ্ড	প্রয়োজনীয়তা
৪.১     	৪.১.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার বিপরীতে সাইটের কর্মক্ষমতা মূল্যায়ন করা এবং ওয়াটার স্টুয়ার্ডশিপ ফলাফল অর্জনে এর অবদান প্রদর্শন করা।
	৪.১.২ গোল্ড প্রয়োজনীয়তা ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা থেকে উদ্ভূত ব্যয়, সাশ্রয় এবং মূল্য সৃষ্টির বিষয়গুলো প্রতি বছর মূল্যায়ন করতে হবে। ব্যয় ও সাশ্রয় পরিমাপ করতে হবে এবং সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক মূল্যের বিবরণ নথিভুক্ত করতে হবে।
	৪.১.৩ প্লাটিনাম প্রয়োজনীয়তা ক্যাচমেন্টের যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় প্রচেষ্টা সহ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মক্ষমতা সম্পর্কে অংশীজনের মূল্যায়ন প্রতি বছর একটি পরামর্শ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন ও নথিভুক্ত করতে হবে। এই প্রক্রিয়াটি অবশ্যই: <ul style="list-style-type: none"> • ১.২.২ এর জন্য সম্পূর্ণ সকল অংশীজনের সাথে পরামর্শের ক্ষেত্রে সাইটের প্রচেষ্টা প্রদর্শন করা; • অংশীজনের সম্পূর্ণ হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়সমূহ বিবেচনা করা; • সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মক্ষমতা সম্পর্কে অংশীজন পরামর্শের প্রমাণ প্রদান করা।
৪.২   	৪.২.১ সাইটটি পানি সংক্রান্ত ঘটনার একটি বার্ষিক পর্যালোচনা সম্পন্ন করবে। সাইটের ঘটনা মোকাবেলাপারিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন ও নথিভুক্ত করতে হবে এবং প্রয়োজনে মূল্যায়ন প্রক্রিয়া থেকে প্রাপ্ত শিক্ষা অন্তর্ভুক্ত করতে পরিকল্পনাটি হালনাগাদ করতে হবে।
	৪.২.২ গোল্ড প্রয়োজনীয়তা ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৪.২) এর মাধ্যমে স্থিতিস্থাপকতা গড়ে তোলার ক্ষেত্রে সাইটের প্রচেষ্টা, বাস্তবায়নের অগ্রগতি ও কার্যক্রমের কার্যকারিতা সহ প্রতি বছর মূল্যায়ন করতে হবে। ফলাফল নথিভুক্ত করতে হবে এবং প্রয়োজনে মূল্যায়ন প্রক্রিয়া থেকে প্রাপ্ত শিক্ষা অন্তর্ভুক্ত করতে পরিকল্পনাটি হালনাগাদ করতে হবে।
৪.৩     	৪.৩.১ যেখানে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মক্ষমতার বার্ষিক পর্যালোচনা (৪.১.১) লক্ষ্য পূরণ না হওয়া বা কার্যক্রম বাস্তবায়িত না হওয়ার বিষয়টি চিহ্নিত করে, সেখানে ফলাফলের একটি বিশ্লেষণ নথিভুক্ত করতে হবে। যেসব লক্ষ্য পূরণ হয়নি সেগুলোর জন্য সাইটটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় সংশোধনী প্রণয়ন ও নথিভুক্ত করবে।
	৪.৩.২ মূল্যায়ন প্রক্রিয়া (৪.১) থেকে প্রাপ্ত শিক্ষা অন্তর্ভুক্ত করতে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রতি বছর হালনাগাদ করতে হবে। পরিকল্পনায় করা হালনাগাদগুলো সনাক্ত ও নথিভুক্ত করতে হবে।



ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ

ওয়াটার স্টুয়ার্ডশিপ সম্পর্কে যোগাযোগ করা
এবং সাইটের কার্যকারিতা প্রকাশ করা।


উদ্দেশ্য

ওয়াটার স্টুয়ার্ডশিপের অঙ্গীকার, নীতি ও পরিকল্পনার বিপরীতে কর্মক্ষমতা সম্পর্কে যোগাযোগের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা উৎসাহিত করা। প্রাসঙ্গিক তথ্যের যোগাযোগ ও প্রকাশ আস্থা গড়ে তোলে এবং অন্যদের সাইটের কার্যক্রম সম্পর্কে অবগত মতামত গঠনে এবং তাদের সম্পৃক্ততা উপযোগীভাবে নির্ধারণে সহায়তা করে।

ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ

মানদণ্ড	প্রয়োজনীয়তা
<p>৫.১ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা সকল সংশ্লিষ্ট অংশীজনের কাছে যোগাযোগ করা।</p>     	<p>৫.১.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) এর একটি সারসংক্ষেপ, যাতে সকল লক্ষ্য ও কার্যক্রম এবং এটি কীভাবে যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে তা অন্তর্ভুক্ত থাকবে, ১.২.২ এ উল্লিখিত সকল অংশীজনের কাছে যোগাযোগ করতে হবে।</p> <p>৫.১.২ গোল্ড প্রয়োজনীয়তা সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) এর সারসংক্ষেপ সম্পর্কে, যাতে সকল লক্ষ্য ও কার্যক্রম অন্তর্ভুক্ত থাকে, অংশীজনদের মতামত একটি পরামর্শ প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ ও নথিভুক্ত করতে হবে। এই প্রক্রিয়াটি অবশ্যই:</p> <ul style="list-style-type: none"> • ১.২.২ এর জন্য সম্পূর্ণ সকল অংশীজনের সাথে পরামর্শের ক্ষেত্রে সাইটের প্রচেষ্টা প্রদর্শন করা; • অংশীজনদের সম্পূর্ণ হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়সমূহ বিবেচনা করা; • সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা সম্পর্কে অংশীজন পরামর্শের প্রমাণ প্রদান করতে হবে।
<p>৫.২ সাইটের লক্ষ্য অর্জনের বিপরীতে কার্যকারিতা এবং যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলার প্রচেষ্টা সহ একটি বার্ষিক ওয়াটার স্টুয়ার্ডশিপ সারসংক্ষেপ যোগাযোগ ও প্রকাশ করা।</p>     	<p>৫.২.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) এর সকল লক্ষ্য অর্জনের বিপরীতে কার্যকারিতা এবং যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলার প্রচেষ্টা সহ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসূচির একটি সারসংক্ষেপ ১.২.২ এ উল্লিখিত অংশীজনদের কাছে প্রতি বছর যোগাযোগ করতে হবে।</p> <p>মনে রাখবেন: এই প্রয়োজনীয়তাটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের এক বছর পর কার্যকর হবে।</p> <p>৫.২.২ গোল্ড প্রয়োজনীয়তা ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) এর সকল লক্ষ্য অর্জনের বিপরীতে কার্যকারিতা এবং যৌথ পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলার প্রচেষ্টা সহ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসূচির একটি সারসংক্ষেপ প্রতি বছর সর্বসাধারণের জন্য প্রকাশ করতে হবে।</p> <p>মনে রাখবেন: এই প্রয়োজনীয়তাটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের এক বছর পর কার্যকর হবে।</p>
<p>৫.৩ ওয়াটার স্টুয়ার্ডশিপ সম্পর্কে সকল সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে উন্মুক্ত ও স্বচ্ছ যোগাযোগ বজায় রাখা।</p> 	<p>৫.৩.১ অংশীজনদের মতামত ধারাবাহিকভাবে গ্রহণ ও তার প্রতিক্রিয়া জানানোর একটি প্রক্রিয়া বাস্তবায়ন ও সর্বসাধারণের জন্য প্রকাশ করতে হবে। এই প্রক্রিয়াটি অবশ্যই:</p> <ul style="list-style-type: none"> • মতামতের প্রতিক্রিয়া জানানোর জন্য একটি স্পষ্ট পদ্ধতি ও নির্দেশক সময়সীমা প্রদান করা; • সকল অংশীজন গোষ্ঠীর জন্য সহজপ্রাপ্য হওয়া এবং অংশীজনদের সম্পূর্ণতার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়সমূহ বিবেচনা করা। <p>৫.৩.২ যেখানে সাইটে পানি সংক্রান্ত আইনগত বা নিয়ন্ত্রক সম্মতি লঙ্ঘন ঘটে, সেখানে তা অবিলম্বে সংশ্লিষ্ট সরকারি ও নিয়ন্ত্রক সংস্থাকে অবহিত করতে হবে।</p>

শব্দকোষ



অ্যাকুইফার

শিলা, বালু বা নুড়ির স্তর যা পানি শোষণ করতে পারে এবং পানি প্রবাহিত হতে দেয়। যখন নিচের শিলা স্তর পানি অপ্রবেশযোগ্য হয়, তখন একটি অ্যাকুইফার ভূগর্ভস্থ ক্যাচমেন্ট হিসেবে কাজ করে। গৃহস্থালি, কৃষি বা শিল্প ব্যবহারের জন্য কুপের মাধ্যমে এই পানি উত্তোলন করা যেতে পারে। কনফাইন্ড অ্যাকুইফার হলো ভূমি পৃষ্ঠের নিচে অবস্থিত এমন একটি অ্যাকুইফার যা সম্পূর্ণরূপে পানিপূর্ণ। অ্যাকুইফারের উপরে ও নিচে পানি অপ্রবেশযোগ্য স্তর থাকার ফলে এটি চাপের অধীনে থাকে, যার কারণে কুপ দ্বারা ভেদ করা হলে পানি অ্যাকুইফারের শীর্ষ স্তরের ওপরে উঠে আসে। ওয়াটার টেবিল বা আনকনফাইন্ড অ্যাকুইফার হলো এমন একটি অ্যাকুইফার যার উপরের পানি পৃষ্ঠ বায়ুমণ্ডলীয় চাপে থাকে এবং তাই এটি ওঠানামা করতে পারে। ওয়াটার টেবিল অ্যাকুইফার সাধারণত কনফাইন্ড অ্যাকুইফারের তুলনায় পৃথিবীর পৃষ্ঠের কাছাকাছি থাকে এবং সে কারণে খরার প্রভাবে এগুলো দ্রুততরভাবে প্রভাবিত হয়। (এখান থেকে গৃহীত: [ইউরোপিয়ান এনভায়রনমেন্ট এজেন্সি, 2000](#) এবং [ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে](#))

অবকাঠামো

পানি উত্তোলন, সরবরাহ, সংরক্ষণ, পরিশোধন ও পানি সরবরাহের জন্য নির্মিত অবকাঠামো ও যন্ত্রপাতি এবং বর্জ্যপানি সংগ্রহ, পরিশোধন ও নিষ্কাশনের জন্য ব্যবহৃত কাঠামো ও সরঞ্জাম। এর মধ্যে রয়েছে বোরহোল, পৃষ্ঠস্থ পানি গ্রহণ কেন্দ্র, ক্যাচমেন্ট, পাইপ, পাম্প, খাল, নিয়ন্ত্রণ ব্যবস্থা, পানির ট্যাংক এবং পানি পরিশোধন ব্যবস্থা। এর মধ্যে বর্জ্যপানি পরিশোধনের জন্য জলাভূমি ভিত্তিক পরিশোধন ব্যবস্থাও অন্তর্ভুক্ত হতে পারে। পৌর পানি সরবরাহের ক্ষেত্রে এর মধ্যে বিতরণ ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকে।

অভিযোজন

বর্তমান বা প্রত্যাশিত জলবায়ু এবং এর প্রভাবের সাথে খাপ খাইয়ে নেওয়ার প্রক্রিয়া। মানব ব্যবস্থায় অভিযোজনের লক্ষ্য হলো ক্ষতি কমানো বা এড়িয়ে চলা এবং উপকারী সুযোগসমূহ কাজে লাগানো। কিছু প্রাকৃতিক ব্যবস্থায় প্রত্যাশিত জলবায়ু ও এর প্রভাবের সাথে খাপ খাওয়াতে মানব হস্তক্ষেপ সহায়ক হতে পারে। (উৎস: [IPCC, 2022](#))

অংশীজন

অংশীজন হলেন সেইসব গোষ্ঠী ও ব্যক্তি, যারা কোনো প্রতিষ্ঠানের কার্যক্রম, পণ্য বা পরিষেবা এবং সংশ্লিষ্ট কর্মক্ষমতা দ্বারা প্রভাবিত হন এবং/অথবা প্রভাবিত করতে পারেন। এর মধ্যে এমন সবাই অন্তর্ভুক্ত নয় যারা কেবল কোনো প্রতিষ্ঠান সম্পর্কে জ্ঞান বা মতামত রাখেন। প্রতিষ্ঠানের বহু অংশীজন থাকতে পারে, যাদের প্রত্যেকের অংশগ্রহণের ধরন ও মাত্রা ভিন্ন এবং প্রায়শই তাদের আগ্রহ ও উদ্বেগ বৈচিত্র্যময় ও কখনও কখনও পরস্পরবিরোধী হয়। (এখান থেকে গৃহীত: [অ্যাকাউন্টবিলিটি 2015](#))

উৎস ক্যাচমেন্ট

এটি এমন একটি ক্যাচমেন্টকে নির্দেশ করে, যা সাইটের ক্যাচমেন্ট(গুলি) থেকে ভিন্ন, যেখানে কোনো পণ্য বা সেবা সংগ্রহ করা হয়।

ওয়াটার স্টুয়ার্ডশিপ

সামাজিকভাবে ও সাংস্কৃতিকভাবে ন্যায্যসঙ্গত, পরিবেশগতভাবে টেকসই এবং অর্থনৈতিকভাবে লাভজনক পানির ব্যবহার, যা স্থান ও জলাশয়-ভিত্তিক কার্যক্রমের সাথে জড়িত অংশীজনদের অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়ার মাধ্যমে অর্জিত হয়।

ক্যাচমেন্ট

যে ভৌগোলিক এলাকায় পানি সংগ্রহ হয়, প্রবাহিত হয় এবং শেষ পর্যন্ত এক বা একাধিক স্থানে নিঃসৃত হয়। এই ধারণার মধ্যে ভূপৃষ্ঠস্থ পানির ক্যাচমেন্ট এবং ভূগর্ভস্থ পানির ক্যাচমেন্ট উভয়ই অন্তর্ভুক্ত। পৃষ্ঠস্থ পানির ক্যাচমেন্ট হলো এমন একটি ভূমি এলাকা যেখান থেকে প্রাপ্ত সকল বৃষ্টিপাত ধারাবাহিকভাবে খাল ও নদীর মাধ্যমে একটি নির্দিষ্ট নদীর মোহনা, বৃহত্তর নদীর উপনদী অথবা সমুদ্রে প্রবাহিত হয়। ভূগর্ভস্থ পানির ক্যাচমেন্ট অ্যাকুইফারের ভূতাত্ত্বিক গঠন এবং ভূগর্ভস্থ পানি প্রবাহ পথ দ্বারা নির্ধারিত হয়। এটি পৃষ্ঠ থেকে অনুপ্রবেশ করা পানির মাধ্যমে পুনরায় পূর্ণ হয়। এর একটি উল্লেখ্য পুরুত্ব রয়েছে (কয়েক মিটার থেকে কয়েক শত মিটার পর্যন্ত) এবং একটি নির্দিষ্ট এলাকা রয়েছে। স্থানীয় অবস্থার ওপর নির্ভর করে পৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ পানির ক্যাচমেন্ট পৃথক বা পরস্পর সংযুক্ত হতে পারে। বিকল্প পরিভাষা হিসেবে ওয়াটারশেড, বেসিন এবং রিজার বেসিন ব্যবহৃত হয়।

কুপ (পানি)

ভূগর্ভস্থ পানির স্তর থেকে পানি উত্তোলনের উদ্দেশ্যে যেকোনো পদ্ধতিতে খনন করা একটি কৃত্রিম গর্ত। একটি খোঁড়া, ড্রিল করা বা ঠেলে স্থাপিত শ্যাফট, অথবা এমন একটি গর্ত যার গভীরতা তার সর্ববৃহৎ পৃষ্ঠমাত্রার চেয়ে বেশি এবং যার উদ্দেশ্য ভূগর্ভস্থ পানি সরবরাহে পৌঁছানো, অথবা ভূমির নিচে তরল সংরক্ষণ বা সমাধিস্থ করা। (এখান থেকে গৃহীত: [ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে, 2018](#))

ঘটনা মোকাবিলা পরিকল্পনা

একটি লিখিত নথি যা পরিবেশগত, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত ঘটনা যেমন ছড়িয়ে পড়া, লিক বা অন্যান্য দূষণ ঘটনার মোকাবিলায় করণীয় পদ্ধতি ও দায়িত্বসমূহ নির্ধারণ করে।

চিহ্নিত

কোনো ব্যক্তি বা বস্তুকে কে বা কী তা নির্ধারণ বা চিহ্নিত করা হয়েছে। (এখান থেকে গৃহীত: [ISO, 2023](#))

জলবায়ু পরিবর্তন

জলবায়ুর এমন একটি পরিবর্তন যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানব কর্মকাণ্ডের কারণে ঘটে, যা বৈশ্বিক বায়ুমণ্ডলের গঠন পরিবর্তন করে এবং যা সমতুল্য সময়কালে পর্যবেক্ষিত প্রাকৃতিক জলবায়ু পরিবর্তনের অতিরিক্ত। (উৎস: [UNFCCC, 1992](#))

জলাভূমি

সম্পূর্ণ মাটিযুক্ত রূপান্তরধর্মী প্রতিবেশ ব্যবস্থা, যা মৌসুমি বা স্থায়ীভাবে পানিতে প্লাবিত হতে পারে এবং যেখানে খাটো উদ্ভিদ বা গাছপালা বিদ্যমান থাকতে পারে। (উৎস: [SBTN, 2023](#))

জলাশয়

একটি জলাশয় হলো ভূপৃষ্ঠের পানির একটি নির্দিষ্ট, সুস্পষ্টভাবে শনাক্তযোগ্য অংশ, যেমন একটি হ্রদ, একটি ঝর্ণা, নদী অথবা কোনো ঝর্ণা বা নদীর একটি অংশ। ভূগর্ভস্থ পানির জন্য এটি হলো পানিস্তর। (এখান থেকে গৃহীত: [ইউরোপিয়ান এনভায়রনমেন্ট এজেন্সি](#))

জৈব বৈচিত্র্য

স্থলভাগ, সামুদ্রিক এবং অন্যান্য জলাশয় প্রতিবেশ ব্যবস্থা সহ সকল উৎস থেকে আগত জীবিত প্রাণীর বৈচিত্র্য এবং তারা যে পরিবেশগত জটিলতার অংশ, তা জীববৈচিত্র্যের অন্তর্ভুক্ত; এর মধ্যে প্রজাতির অভ্যন্তরীণ বৈচিত্র্য, প্রজাতির মধ্যকার বৈচিত্র্য এবং প্রতিবেশ ব্যবস্থার বৈচিত্র্য অন্তর্ভুক্ত। (এখান থেকে গৃহীত: [জীববৈচিত্র্য সংরক্ষণ কনভেনশন, 2011](#))

ঝুঁকিপূর্ণ গোষ্ঠী

যেসব গোষ্ঠী সাধারণ জনসংখ্যার তুলনায় দারিদ্র্য ও সামাজিক বঞ্চার উচ্চতর ঝুঁকির সম্মুখীন হয়। জাতিগত সংখ্যালঘু, আদিবাসী জনগোষ্ঠী, অতিবৃদ্ধ, প্রতিবন্ধী ব্যক্তি, নিঃসঙ্গ প্রবীণ, নারী ও শিশুরা প্রায়শই এমন সব সমস্যার সম্মুখীন হন যা আরও বেশি সামাজিক বঞ্চার দিকে ঠেলে দিতে পারে, যেমন শিক্ষার নিম্ন স্তর এবং বেকারত্ব বা আংশিক কর্মসংস্থান। (উৎস: [রেইনফরেস্ট অ্যালায়েন্স, 2025](#))

টিয়ার ১ সরবরাহকারী

যে সরবরাহকারী সরাসরি সাইটটিতে বা এর মূল সংস্থাকে পণ্য বা পরিষেবা সরবরাহ করে বা বিক্রি করে। (এখান থেকে গৃহীত: [CDP, 2024](#))

দূষণকারী পদার্থের ঘনত্ব

নির্দিষ্ট পরিমাণ পানির মধ্যে বিদ্যমান দূষকের পরিমাণ, যা আয়তনের প্রতি ভর এককে প্রকাশ করা হয় (যেমন, মিলিগ্রাম ফসফরাস প্রতি লিটার)। (এখান থেকে গৃহীত: [SBTN, 2023](#))

দূষণকারী লোড

কোনো দূষক যেমন পুষ্টি উপাদান যে হারে গ্রহণকারী জলাধারে পৌঁছায়, যা সময়ের প্রতি ভর এককে প্রকাশ করা হয় (যেমন, কেজি ফসফরাস প্রতি দিন)। (এখান থেকে গৃহীত: [SBTN, 2023](#))

নথিভুক্ত

সম্মতির প্রমাণ হিসেবে কোনো না কোনো ধরনের নথি (কাগজের, ইলেকট্রনিক বা অন্য কোনো) থাকা। উপস্থাপিত তথ্য এমন ঘনত্বে, যথার্থতার স্তরে এবং পর্যাপ্ত সময়কাল জুড়ে হতে হবে, যাতে প্রয়োজনীয়তার সাথে সম্পর্কিত অর্থবহ সিদ্ধান্ত গ্রহণ করা যায়। নথিভুক্ত তথ্য সাইট কর্তৃক নিয়ন্ত্রিত ও সংরক্ষিত হয়।

নির্গমন

এফুয়েন্ট, বৃষ্টিজনিত পানি, রানঅফ এবং অন্যান্য পানি যা সাইটের সীমানা অতিক্রম করে পৃষ্ঠস্থ পানি, ভূগর্ভস্থ পানি অথবা তৃতীয় পক্ষের কাছে নিঃসৃত হয়। এর মধ্যে পয়েন্ট উৎস এবং নন পয়েন্ট উৎস উভয় ধরনের নিঃসরণ অন্তর্ভুক্ত। (এখান থেকে গৃহীত: [CDP, 2024](#))

নির্ভরশীলতা

পরিবেশগত সম্পদ ও প্রতিবেশ সেবার সেই সব দিক, যার ওপর একটি প্রতিষ্ঠান তার কার্যক্রম পরিচালনার জন্য নির্ভর করে, যার মধ্যে রয়েছে পৃষ্ঠস্থ পানি ও ভূগর্ভস্থ পানির সরবরাহ, পানি প্রবাহ ও গুণগত মান নিয়ন্ত্রণ, অগ্নিকাণ্ড ও বন্যার মতো ঝুঁকি নিয়ন্ত্রণ এবং কার্বন ধারণা। (এখান থেকে গৃহীত: [SBTN, 2023](#))

পরিমাণ নির্ধারণ করা হয়েছে

সংখ্যাগত তথ্য যা নির্দিষ্ট প্রয়োজনীয়তার সাথে সম্পর্কিত অর্থবহ সিদ্ধান্ত গ্রহণের জন্য পর্যাপ্ত সময়কাল জুড়ে উপযুক্ত ঘনত্ব ও যথার্থতার স্তরে উপস্থাপন করা হয়।

পরিবেশগত প্রবাহ

পরিবেশগত প্রবাহ বলতে স্বাদু পানি ও মোহনা ভিত্তিক প্রতিবেশ ব্যবস্থা এবং এদের ওপর নির্ভরশীল মানব জীবিকা ও কল্যাণ বজায় রাখতে প্রয়োজনীয় পানির পরিমাণ, সময়কাল ও গুণগত মানকে বোঝায়। (উৎস: [TNFD, 2023](#))

পরিমাপক

যে বিষয়টি পরিমাপ বা বিশ্লেষণ করা হচ্ছে তার সাথে সম্পর্কিত উপাত্তের একটি পরিমাণগত পরিমাপক। (এখান থেকে গৃহীত: [SBTN, 2023](#))

পর্যবেক্ষণ পানি ব্যবহার

সাইটের সরবরাহ শৃঙ্খলে ব্যবহৃত পানি, যা পণ্য ও সেবা উৎপাদন ও সরবরাহ প্রক্রিয়ায় ব্যবহৃত পানির প্রতিনিধিত্ব করে।

পর্যবেক্ষণ করা হয়েছে

তথ্য প্রদানের উদ্দেশ্যে নির্দিষ্ট স্থানে এবং নিয়মিত বিরতিতে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা। উপস্থাপিত তথ্য এমন ঘনত্বে, যথার্থতার স্তরে এবং পর্যাপ্ত সময়কাল জুড়ে হতে হবে, যাতে প্রয়োজনীয়তার সাথে সম্পর্কিত অর্থবহ সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

প্রকাশিত

প্রতিষ্ঠানসমূহের দ্বারা জনসমক্ষে প্রকাশিত তথ্য। এর মধ্যে জনসাধারণের জন্য উন্মুক্ত প্রতিবেদন এবং নীতিমালা, প্রক্রিয়া, প্রতিশ্রুতি, পরিকল্পনা ও ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যকারিতা সম্পর্কিত অন্যান্য তথ্যের অবাধ প্রকাশ অন্তর্ভুক্ত। প্রকাশ বা ডিসক্লোজার স্বচ্ছতা নিশ্চিত করার একটি পদ্ধতি। (এখান থেকে গৃহীত: [অ্যাকাউন্টেবিলিটি ফ্রেমওয়ার্ক ইনিশিয়েটিভ, 2024](#))

প্রয়োজনীয়তা

স্ট্যান্ডার্ড বা প্রযুক্তিগত নির্দিষ্টকরণের মতো নিয়মিত নথিতে উল্লেখিত কোনো প্রয়োজন বা প্রত্যাশা। (উৎস: [ISEAL, 2025](#))

পানির অভাব

এটি স্বাদু পানির সম্পদের আয়তনিক প্রাচুর্য বা তার অভাবকে বোঝায়। পানির অভাব মানুষের দ্বারাই সৃষ্ট; এটি কোনো নির্দিষ্ট এলাকার পানি সম্পদের পরিমাণের তুলনায় মানুষের পানি ব্যবহারের পরিমাণের একটি ফল। সেই হিসেবে, খুব কম পানি থাকা একটি শুষ্ক অঞ্চলকে, যেখানে মানুষের পানির ব্যবহার নেই, তাকে পানির অভাবযুক্ত এলাকা না বলে বরং শুষ্ক অঞ্চল বলা হবে। পানির অভাব একটি ভৌত, বস্তুনিষ্ঠ বাস্তবতা যা বিভিন্ন অঞ্চল জুড়ে এবং সময়ের সাথে সাথে ধারাবাহিকভাবে পরিমাপ করা যায়। পানির অভাব বলতে স্বাদু পানির ভৌত প্রাচুর্যকে বোঝায়, কিন্তু সেই পানি ব্যবহারের জন্য উপযুক্ত কিনা, তা বোঝায় না। উদাহরণস্বরূপ, একটি অঞ্চলে প্রচুর পানি সম্পদ থাকতে পারে (এবং তাই এটিকে পানি-সংকটপূর্ণ এলাকা হিসেবে গণ্য করা হবে না), কিন্তু সেখানে এতটাই গুরুতর দূষণ থাকতে পারে যে সেই পানি সরবরাহ মানুষের বা পরিবেশগত ব্যবহারের জন্য অনুপযুক্ত হয়ে পড়ে। (উৎস: [TNFD, 2023](#))

পানির গুণমান

পানির জৈবিক, রাসায়নিক এবং ভৌত বৈশিষ্ট্য, যা প্রায়শই একটি ব্যবহারিক মানের নিরিখে মূল্যায়ন করা হয়। পানির গুণমানের মানদণ্ড সাধারণত জাতীয় বা স্থানীয় নিয়মাবলী দ্বারা নির্ধারিত হয় এবং এটি এক দেশ বা অঞ্চল থেকে অন্য অঞ্চলে উল্লেখযোগ্যভাবে ভিন্ন হতে পারে। ভালো পানির মানের অবস্থা তখনই অর্জিত হয়, যখন পানি তার নির্ধারিত ব্যবহারের জন্য উপযুক্ত থাকে, যেমন পানীয় পানি, সেচ বা বাস্তুতন্ত্রকে সহায়তা করা। (এখান থেকে গৃহীত: [TNFD, 2023](#) এবং [UNEP, 2025](#))

পানির ঝুঁকি

কোনো একটি স্থানে পানি-সম্পর্কিত চ্যালেঞ্জ দেখা দেওয়ার সম্ভাবনা (যেমন, সম্প্রদায়ের সাথে পানি নিয়ে সংঘাত, পানির অভাব, পানির সংকট, বন্যা, অবকাঠামোর ক্ষয়, খরা)। ঝুঁকির মাত্রা নির্ভর করে এক বা একাধিক নির্দিষ্ট চ্যালেঞ্জ সংঘটিত হওয়ার সম্ভাব্যতা এবং সেই চ্যালেঞ্জের প্রভাবের তীব্রতার উপর। প্রভাবের তীব্রতা নির্ভর করে চ্যালেঞ্জের তীব্রতা, একই সাথে একাধিক চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার সম্মিলিত প্রভাব এবং স্থানটির দুর্বলতার উপর। (এখান থেকে গৃহীত: [CEO ওয়াটার ম্যান্ডেট, 2024](#))

পানি ব্যবহারের পরিমাণ

যে পরিমাণ পানি প্রকল্পের সীমানার মধ্যে টেনে আনা হয় এবং তা আবার জলীয় পরিবেশে বা কোনো তৃতীয় পক্ষের কাছে ফেরত পাঠানো হয় না। পানির ব্যবহার হলো উত্তোলন করা পানির পরিমাণ থেকে নিষ্কাশিত পানির পরিমাণ বিয়োগ করার সমান। (এখান থেকে গৃহীত: [TNFD, 2023](#))

পানির ব্যবহার

যে পানি উত্তোলন করে স্থানটিতে ব্যবহার করা হয়, তার জন্য একটি সাধারণ পরিভাষা। ব্যবহারজনিত পানির ব্যবহার বলতে সেই পানিকে বোঝায় যা বাষ্পীভূত হয়, উদ্ভিদের মাধ্যমে প্রস্বেদিত হয়, পণ্য বা ফসলের সাথে মিশে যায়, মানুষ বা গবাদি পশু দ্বারা ব্যবহৃত হয়, অথবা অন্য কোনোভাবে উৎসস্থলে ফিরে আসে না। যে পানি উৎসস্থলে বা পানি উত্তোলনের স্থান থেকে ভিন্ন কোনো জলাশয়ে ফিরিয়ে দেওয়া হয়, তাকে অ-ভোগ্য পানি ব্যবহার হিসেবে গণ্য করা হয়। (এখান থেকে গৃহীত: [ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে, 2019](#))

পানি উত্তোলন

যেকোনো ব্যবহারের জন্য সমস্ত পানির উৎস থেকে সাইটের সীমানার মধ্যে টেনে আনা মোট পানির পরিমাণ। (এখান থেকে গৃহীত: [CDP, 2024](#))

পানি গ্রহণকারী জলাশয়

একটি ক্যাচমেন্ট যা কোনো সাইট থেকে সরাসরি বা বর্জ্যপানি পরিশোধন সেবাদাতার মাধ্যমে পরোক্ষভাবে নিঃসৃত পানি গ্রহণ করে। 'ওয়াটার বডি' এর সংজ্ঞা দেখুন।

পানি পুনঃব্যবহার

ইচ্ছাকৃতভাবে পয়ঃবর্জ্য, বৃষ্টির পানি, লবণাক্ত পানি বা ব্যবহৃত পানি সংগ্রহ করে সেগুলোকে পান করা, শিল্প প্রক্রিয়া, ভূপৃষ্ঠ বা ভূগর্ভস্থ পানির পুনঃপূরণ এবং জলাশয় পুনরুদ্ধারসহ নির্দিষ্ট উপকারী স্বাদুপানির উদ্দেশ্যে প্রয়োজন অনুযায়ী পরিশোধন করার প্রক্রিয়া। পানির পুনঃব্যবহার পানি পুনর্ব্যবহার নামেও পরিচিত। (এখান থেকে গৃহীত: [ওয়াটাররিউজ অ্যাসোসিয়েশন](#))

পানি ব্যবহারের দক্ষতা

কোনো কাজ বা ফলাফল অর্জনের জন্য ব্যবহৃত পানির পরিমাণ সর্বনিম্ন পর্যায়ে নিয়ে আসা। উৎপাদন, কার্যকলাপ বা এলাকার প্রতি একক অনুযায়ী ব্যবহৃত পানির পরিমাণকে 'm3' এককে পরিমাপ করে পানি ব্যবহারের দক্ষতা নির্ধারণ করা হয়। (এখান থেকে গৃহীত: [CEO ওয়াটার ম্যান্ডেট, 2024](#))

পানি শাসন বা পানি ব্যবস্থাপনা

পানি ব্যবস্থাপনা বলতে সরকার, নিয়ন্ত্রক সংস্থা, সরবরাহকারী এবং ব্যবহারকারীদের দ্বারা পানি কীভাবে পরিচালিত হয়, তার সমস্ত দিককে বোঝায়। এর অন্তর্ভুক্ত হলো পানি সম্পদ ব্যবস্থাপনা, সুরক্ষা, বন্টন, পর্যবেক্ষণ, মান নিয়ন্ত্রণ, পরিশোধন, নিয়ন্ত্রণ নীতি এবং সরবরাহ। সুশাসন নিশ্চিত করে যে, পানি সম্পদ ব্যবস্থাপনার নীতি অনুসারে ব্যবহারকারী এবং প্রাকৃতিক পরিবেশের স্বার্থে পানি সম্পদের দায়িত্বশীল বন্টন করা হয়।

পানির উৎস

পানির উৎসগুলোর মধ্যে রয়েছে ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি, বৃষ্টিপাত, সমুদ্রের পানি এবং বায়ুমণ্ডলীয় পানি থেকে সংগৃহীত বা আহরিত পানি। (এখান থেকে গৃহীত: [TNFD, 2023](#))

পানির ভারসাম্য

একটি সিস্টেমে সমস্ত পানিপ্রবাহ, অন্তঃপ্রবাহ, বহিঃপ্রবাহ এবং পানি সঞ্চয়ের একটি মূল্যায়ন। AWS স্ট্যান্ডার্ডে এটি সাইট এবং ক্যাচমেন্ট উভয় ক্ষেত্রেই প্রযোজ্য। টেকসই পানির ভারসাম্য হলো এমন একটি অবস্থা, যেখানে জলাশয় এলাকায় চলমান পানি ব্যবহারের ফলে প্রাকৃতিক পরিবেশ এবং অন্যান্য পানি ব্যবহারকারীদের উপর দীর্ঘমেয়াদী কোনো নেতিবাচক প্রভাব পড়ে না। একটি টেকসই ভারসাম্যের জন্য, মোট নেট পানি উত্তোলন অবশ্যই জলাশয়গুলোর প্রাকৃতিক পুনঃপূরণের মাত্রা অতিক্রম করবে না এবং একই সাথে এটিও নিশ্চিত করতে হবে যে জলাশয়গুলো নিজেদের এবং তাদের উপর নির্ভরশীল প্রজাতিগুলোকে সুস্থ অবস্থায় টিকিয়ে রাখার জন্য পর্যাপ্ত প্রবাহ ও পানির স্তর বজায় রাখে। যে পরিস্থিতিতে বহিঃপ্রবাহ ধারাবাহিকভাবে অন্তঃপ্রবাহের চেয়ে বেশি হয়, তা একটি অস্থিতিশীল পানির ভারসাম্য।

পুনরায় পূরণ করা

কোনো সাইটের স্থানীয় ক্যাচমেন্ট এলাকায় এমনভাবে নির্দিষ্ট পরিমাণ পানি পুনরায় সরবরাহ করার কার্যক্রম, যা সাইট ও ক্যাচমেন্ট অংশীজনদের অভিন্ন পানি সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে, কর্পোরেট ওয়াটার স্ট্র্যাটজিগে উত্তম চর্চার সাথে সামঞ্জস্যপূর্ণ, সর্বোত্তম প্রাপ্য তথ্য ও ক্যাচমেন্ট প্রেক্ষাপট দ্বারা অবহিত এবং ক্যাচমেন্টের পানি প্রাপ্যতা, গুণগত মান ও প্রবেশযোগ্যতার ওপর পরিমাপযোগ্য ও ইতিবাচক প্রভাব ফেলে। (এখান থেকে গৃহীত: [CEO ওয়াটার ম্যান্ডেট, 2024](#))

প্রথাগত পানি অধিকার

প্রথাগত পানি অধিকার বলতে আদিবাসী জনগোষ্ঠীর দ্বারা ব্যবহৃত পানি বন্টনের নিয়মাবলি ও ঐতিহ্যবাহী চর্চার সমষ্টিকে বোঝায়। এটি মূলত চর্চাভিত্তিক এবং সাধারণত লিখিত আইনের পরিবর্তে মৌখিকভাবে সংরক্ষিত হয়। (এখান থেকে গৃহীত: [গ্লোবাল ওয়াটার পার্টনারশিপ](#))

প্রভাব

স্বাদু পানির অবস্থায় (পরিমাণ, গুণগত মান ও প্রতিবেশ ব্যবস্থা) পরিবর্তন, যার ফলে প্রকৃতির সামাজিক ও অর্থনৈতিক কার্যকারিতা প্রদানের সক্ষমতা পরিবর্তিত হতে পারে। প্রভাব ইতিবাচক বা নেতিবাচক উভয়ই হতে পারে। এগুলো কোনো প্রতিষ্ঠানের বা অন্য কোনো পক্ষের কর্মকাণ্ডের ফল হতে পারে এবং প্রত্যক্ষ, পরোক্ষ বা সম্মিলিত হতে পারে। (এখান থেকে গৃহীত: [TNFD, 2023](#))

ফলাফল

কোনো কর্মসূচি বা তার অংশের আউটপুট থেকে উদ্ভূত স্বল্পমেয়াদি ও মধ্যমেয়াদি ফলাফল বা পরিবর্তন। AWS স্ট্যান্ডার্ডের পাঁচটি উদ্দেশ্যপ্রণোদিত ফলাফল হলো (১) উত্তম পানি শাসনব্যবস্থা, (২) টেকসই পানির ভারসাম্য, (৩) উত্তম পানির গুণগত মানের অবস্থা, (৪) সুস্থ স্বাদু পানির প্রতিবেশ ব্যবস্থা এবং তাদের জীববৈচিত্র্য এবং (৫) সকলের জন্য নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH)। (এখান থেকে গৃহীত: ISEAL, 2025)

বর্জ্য পানি

যে কোনো পানি যা গার্হস্থ্য, শিল্প, বাণিজ্যিক বা কৃষি কাজের জন্য মানুষের ব্যবহারের ফলে গুণগতভাবে প্রতিকূলভাবে প্রভাবিত হয়েছে। (উৎস: [রেইনফরেস্ট অ্যালায়েন্স, 2025](#))

বেসলাইন

প্রাথমিক পর্যবেক্ষণ বা উপাত্তের একটি সেট, যার বিপরীতে ওয়াটার স্টুয়ার্ডশিপ ফলাফলের পরিবর্তন পর্যবেক্ষণ ও নির্ধারণ করা যায়। বেসলাইন বর্তমান অবস্থার ভিত্তিতে অথবা হস্তক্ষেপের পূর্ববর্তী সাম্প্রতিক কোনো সময়ের ভিত্তিতে নির্ধারণ করা যেতে পারে।

বাস্তবায়িত

কোনো নির্ধারিত ফলাফল অর্জনের উদ্দেশ্যে কোনো প্রক্রিয়া, পদ্ধতি বা পরিকল্পনাকে কার্যকর বা বাস্তবায়িত করা। (এখান থেকে গৃহীত: ISO, 2023)

ভ্যালু চেইন

ভ্যালু চেইন বলতে একটি পণ্য বা প্রক্রিয়ার সম্পূর্ণ জীবনচক্রকে বোঝায়, যার মধ্যে কাঁচামাল সংগ্রহ, উৎপাদন, ব্যবহার এবং নিষ্পত্তি/পুনর্ব্যবহার প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকে। ভ্যালু চেইনকে তিনটি 'ভাগে' ভাগ করা যায়: আপস্ট্রিম, প্রত্যক্ষ কার্যক্রম এবং ডাউনস্ট্রিম। এই প্রতিটি খণ্ডে এমন স্থান অন্তর্ভুক্ত রয়েছে যেখানে সাইটটির দ্বারা পরিচালিত বা নির্ভরশীল অর্থনৈতিক কার্যকলাপগুলো সংঘটিত হয়। (এখান থেকে গৃহীত: SBTN, 2023 এবং WBCSD, 2011)

ভূগর্ভস্থ পানি

ভূগর্ভস্থ গঠনের মধ্যে সংরক্ষিত এমন পানি, যা সেখান থেকে উত্তোলন করা যেতে পারে। নবায়নযোগ্য ভূগর্ভস্থ পানির উৎস সাধারণত ৫০ বছরের মধ্যে পুনরায় পূর্ণ হতে পারে এবং সাধারণত অল্প গভীরতায় অবস্থান করে। অনবায়নযোগ্য ভূগর্ভস্থ পানির প্রাকৃতিক পুনর্ভরণ হার মানব সময়সীমায় নগণ্য (৫০ বছরের বেশি সময় লাগে) এবং সাধারণত নবায়নযোগ্য ভূগর্ভস্থ পানির তুলনায় অধিক গভীরতায় অবস্থিত। এ ধরনের পানিকে কখনও কখনও 'ফসিল' পানি বলা হয়। (এখান থেকে গৃহীত: CDP, 2024)

মানচিত্রায়িত

মানচিত্রগুলো অগ্রাধিকারভিত্তিতে ডিজিটাল ফরম্যাটে হওয়া উচিত এবং এমন মানসম্পন্ন হওয়া উচিত যাতে কোনো বহিরাগত পক্ষ তালিকাভুক্ত বৈশিষ্ট্যের অবস্থান, পরিসর ও ভৌত বৈশিষ্ট্য শনাক্ত করতে পারে। মানচিত্রে শিরোনাম, স্কেল, লেজেন্ড এবং দিক নির্দেশক থাকতে হবে এবং প্রাসঙ্গিক নাম ও সীমানা স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। যখন কোনো মানচিত্রের তুলনায় ভৌত চিত্র উদ্দেশ্যের জন্য অধিক উপযোগী বিবেচিত হয়, তখন সেটিও গ্রহণযোগ্য হতে পারে।

মানদণ্ড

কোনো ফলাফল অর্জনের জন্য যে শর্তসমূহ পূরণ করা প্রয়োজন। (এখান থেকে গৃহীত: ISEAL, 2013)

মূল্যায়ন

শেখা বা সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে কোনো উদ্যোগের নকশা, বাস্তবায়ন বা ফলাফলের পদ্ধতিগত মূল্যায়ন। (উৎস: [কানাডিয়ান ইভালুয়েশন সোসাইটি](#))

যৌথ পানি সংক্রান্ত

ক্যাচমেন্টের মধ্যে সাইট ও এক বা একাধিক অংশীজনের মধ্যে অভিন্ন কোনো পানি সংক্রান্ত সমস্যা, উদ্বেগ বা লুম্বিকা। এর উদাহরণ হিসেবে রয়েছে বাস্তব পানি স্বল্পতা, পানি গুণগত মানের অবনতি এবং পানি বণ্টনের ওপর নিয়ন্ত্রক সীমাবদ্ধতা।

লক্ষ্য

একটি উচ্চ পর্যায়ের আকাঙ্ক্ষার বিবৃতি, যা একটি প্রতিষ্ঠানের নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জন করতে চাওয়া বৃহত্তর ও অধিক কৌশলগত দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে। (এখান থেকে গৃহীত: TNFD, 2023 এবং WWF, 2021)

লক্ষ্যমাত্রা

একটি বিবৃতি যাতে নির্দিষ্ট, সময়সীমাবদ্ধ লক্ষ্য এবং পরিমাপযোগ্য কার্যকারিতার মাত্রা অন্তর্ভুক্ত থাকে। টার্গেট কোনো লক্ষ্য অর্জনের দিকে অগ্রসর হওয়া কার্যকারিতাকে প্রতিফলিত করে। (এখান থেকে গৃহীত: WWF, 2021)

লবণাক্ততা দূরীকরণ

লবণাক্ত পানি—যেমন সমুদ্রের পানি, অল্প লবণাক্ত পানি বা খনিজসমৃদ্ধ ভূগর্ভস্থ পানি—থেকে দ্রবীভূত লবণ ও অমিশ্রণ অপসারণের প্রক্রিয়া, যার মাধ্যমে মানুষের পানীয় ব্যবহার, সেচ, শিল্পকার্য এবং অন্যান্য ব্যবহারের জন্য নির্দিষ্ট গুণগত মান পূরণকারী পানি উৎপাদন করা হয়। (উৎস: [EU ব্লু ইকোনমি অবজারভেটরি](#))

সংরক্ষিত এলাকা

আইনগত বা অন্যান্য কার্যকর ব্যবস্থার মাধ্যমে স্বীকৃত, নির্দিষ্ট ও ব্যবস্থাপিত একটি স্পষ্টভাবে নির্ধারিত ভৌগোলিক এলাকা, যার উদ্দেশ্য হলো সংশ্লিষ্ট প্রতিবেশ সেবা ও সাংস্কৃতিক মূল্যসহ প্রকৃতির দীর্ঘমেয়াদি সংরক্ষণ নিশ্চিত করা। (উৎস: IUCN, 2013)

সমষ্টিগত উদ্যোগ

আগ্রহী পক্ষসমূহের মধ্যে সমন্বিত অংশগ্রহণের একটি কাঠামো, যেখানে পরিপূরক ভূমিকা পালনকারী পক্ষগুলো যৌথভাবে জ্ঞান, সম্পদ এবং বা দক্ষতা একত্রিত করে বিভিন্ন ভৌগোলিক স্তরে সমাধান চিহ্নিত ও বাস্তবায়ন করে, যার উদ্দেশ্য হলো অভিন্ন স্বাদু পানির চ্যালেঞ্জ মোকাবিলা করা। (উৎস: [AWS et al., 2024](#))

স্থিতিস্থাপকতা

কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা ব্যবস্থার আকস্মিক আঘাত ও চাপের প্রতিক্রিয়া জানানো এবং সেসবের প্রভাব সত্ত্বেও টিকে থাকা ও বিকশিত হওয়ার সক্ষমতা। (উৎস: [ওয়াটার রেজিলিয়েন্স অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক, 2021](#))

সম্মতি লঙ্ঘন

কোনো প্রদত্ত আইনি বা নিয়ন্ত্রক শর্ত মেনে না চলার (বা আংশিকভাবে মেনে চলার) একটি ঘটনা। (এখান থেকে গৃহীত: [অ্যাকাউন্টেবিলিটি ফ্রেমওয়ার্ক ইনিশিয়েটিভ, 2024](#))

স্বাদু পানির বাস্তুতন্ত্র

সমস্ত প্রতিবেশ ব্যবস্থার একটি উপশ্রেণি, যা উদ্ভিদ, প্রাণী ও অণুজীব সম্প্রদায় এবং প্রবাহমান বা স্থির জলে প্রাধান্যপ্রাপ্ত অজীব পরিবেশের গতিশীল সমন্বয়ে গঠিত এবং একটি কার্যকর একক হিসেবে পারস্পরিক ক্রিয়াশীল। স্বাদু পানির প্রতিবেশ ব্যবস্থার মধ্যে রয়েছে হ্রদ, ক্যাচমেন্ট, নদী, খাল, ক্যানাল, মোহনা, ভূগর্ভস্থ ক্যাচমেন্ট এবং বিভিন্ন ধরনের জলাভূমি যেমন জলাভূমি বন, বগ, পিটভূমি, ধানক্ষেত ও ম্যানগ্রোভ। একটি স্বাস্থ্যকর স্বাদু পানির বাস্তুতন্ত্র তার প্রাকৃতিক পরিবর্তনশীলতার সীমার মধ্যে পরিবেশগত কাঠামো, প্রক্রিয়া, কার্যাবলি এবং স্থিতিস্থাপকতা বজায় রাখে। (এখান থেকে গৃহীত: [UNEP এবং আলবার্টা ওয়াটার কাউন্সিল, 2008](#))

সাইট


যে ভৌত এলাকার ওপর বাস্তুবায়নকারী প্রতিষ্ঠান ভূমির মালিকানা বা ব্যবস্থাপনা করে এবং তার প্রধান কার্যক্রম পরিচালনা করে। বেশিরভাগ ক্ষেত্রে এটি একটি সংলগ্ন ভূমি এলাকা, তবে কখনও কখনও নিকটবর্তী হলেও ভৌতভাবে পৃথক এলাকাও অন্তর্ভুক্ত হতে পারে (বিশেষ করে যদি একই ক্যাচমেন্টের মধ্যে থাকে)। যেখানে প্রতিষ্ঠান নিজস্ব পানির উৎস এবং বা বর্জ্যপানি পরিশোধন কেন্দ্র পরিচালনা করে, সেগুলোকে 'সাইট' এর অংশ হিসেবে বিবেচনা করা উচিত। স্বতন্ত্র পানির উৎস (যেমন, ঝর্ণা, নলকূপ, ক্যাচমেন্ট) এবং নির্দিষ্ট কোনো স্থানের সাথে সংযুক্ত নয় এমন স্থান (যেমন, জাহাজ, অফশোর রিগ) সার্টিফিকেশনের জন্য যোগ্য হবে না।


হাইড্রোবেসিন

হাইড্রোবেসিনস হলো হাইড্রোশেডস ডেটাবেসের অংশ হিসেবে তৈরি করা একটি ডেটা স্তর। হাইড্রোশেডস এমন একটি ডেটাবেস যা বিশ্বের পৃষ্ঠস্থ পানি এবং নিষ্কাশন বৈশিষ্ট্য সম্পর্কে উচ্চ রেজোলিউশনের তথ্য প্রদান করে। হাইড্রোবেসিনস একটি ডেটা স্তর যা বিশ্বব্যাপী সামঞ্জস্যপূর্ণ আকারের এবং স্তরভিত্তিকভাবে বিন্যস্ত উপ বেসিন সীমানা প্রদর্শন করে। হাইড্রোবেসিনসের মোট ১২ টি স্তর রয়েছে, যেখানে স্তর ১ মহাদেশীয় বিভাজন নির্দেশ করে এবং স্তর ১২ অত্যন্ত ক্ষুদ্র উপ-উপ-ক্যাচমেন্ট নির্দেশ করে। (এখান থেকে গৃহীত: [হাইড্রোশেডস](#))

ওয়াশ

ওয়াশ হলো একটি সংক্ষিপ্ত রূপ, যার পূর্ণরূপ হলো পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি। এটি পান করা, ধোয়া এবং গৃহস্থালি কাজের জন্য পানির সহজলভ্যতা, প্রাপ্যতা ও গুণমান; বর্জ্যের নিরাপদ অপসারণ ও ব্যবস্থাপনা; এবং হাত ধোয়া, খাদ্য স্বাস্থ্যবিধি ও মাসিককালীন স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা সহ স্বাস্থ্য বজায় রাখতে ও রোগের বিস্তার রোধে সহায়ক পরিস্থিতি ও অভ্যাসগুলোকে বোঝায়। সকলের জন্য নিরাপদ WASH বলতে নিরাপদ ও সাশ্রয়ী পানীয় পানির সার্বজনীন ও ন্যায়সঙ্গত প্রাপ্তি এবং পর্যাপ্ত ও ন্যায়সঙ্গত স্যানিটেশন ও স্বাস্থ্যবিধির সুযোগ লাভকে বোঝায়। (এখান থেকে গৃহীত: [WHO এবং UNICEF, 2025](#))





**Alliance For Water Stewardship (SCIO)
2 Quality Street, North Berwick,
Scotland, EH39 4HW**

**a4ws.org
Info@a4ws.org**

**AWS is registered as a Scottish Charitable
Incorporated Organisation (SC045894)**

© 2026. Alliance for Water Stewardship. All rights reserved.

